রাঁচি, মঙ্গলবার
21:03:2023

# জাতীয় খবর
বাংলা দৈনিক
JATIO KHOBOR
BANGLA DAINIK

web : www.rashtriyakhabar.com



Page >> 8 Rate >> 3 Rupee >> Year >> 03 Vol >>158 >>06 Chaitra 1429 >> epaper.rashtriyakhabar.com পৃষ্ঠা >> ০৮ মূল্য >> ৩ টাকা বর্ষ >> ০৩ অংক >> ১৫৮ >><< ০৬ই, চৈত্র ১৪২৯>>

### সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প মঙ্গলবার গ্রেপ্তার হতে পারেন

**নিউ ইয়র্ক ঃ** যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প, শনিবার একটি সামাজিক মিডিয়া পোস্টে তার অনুগামীদের বলেছেন, ম্যানহাটান ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস থেকে ফাঁস হওয়া তথ্যের ভিত্তিতে তিনি মঙ্গলবার গ্রেপ্তার হবেন বলে আশঙ্কা করছেন। ট্রাম্প তার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মের বার্তায় সমর্থকদের বলেন, এর বিরোধিতা করুন, আমাদের রাষ্ট্রকে ফিরিয়ে নিন! ট্রাম্পের বিরুদ্ধে কোনো ফৌজদারি অভিযোগের বিষয়ে কর্তৃপক্ষের কাছ থেকে নিশ্চিত হওয়া যায়নি। গত কয়েক দিনের মিডিয়া রিপোর্টে ইঙ্গিত দেওয়া হয়েছে যে নিউইয়র্ক সিটিতে আইন প্রয়োগকারী সংস্থাগুলি ট্রাম্পের আত্মসমর্পণের জন্য নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করছে, যদি তাকে অভিযুক্ত করা হয়। তার সম্ভাব্য গ্রেপ্তারের আগে ট্রাম্পের সাবেক ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সসহ কিছু রিপাবলিকান ট্রাম্পের পক্ষে এগিয়ে এসেছেন। যদি ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ আনা হয়, তবে আমেরিকার ইতিহাসে প্রথমবারের মতো একজন সাবেক প্রেসিডেন্টকে গ্রেপ্তারের ঘটনা ঘটবে।

**বাজার দর**
SENSEX : 57628.95 -360.95
NIFTY : 16988.40 -111.65

**রাঁচি PARA UPDATE**

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|
| 27.00 °c | 16.00 °c |

সূর্যাস্ত (আজ) >> 17 .59 টা
সূর্যোদয় (কাল) >> 05 .52 টা

**গহনার বাজার**
সোনা (বিক্রী) 55,070 টাকা./10 গ্রাম
সোনা (ক্রয়) 52,450 টাকা./10 গ্রাম
রুপা >> 67,400 টাকা./কিলো

## রাষ্ট্রীয় খবর সংক্ষিপ্ত খবর

### ভারতে স্বর্ণপদক জয়ী আফগান শিক্ষার্থী আফগান নারীদের প্রতি তার পদক উৎসর্গ করলেন

**গুজরাটঃ** ২৭ বছর বয়সী আফগান ছাত্রী রাজিয়া মুরাদি যখন ভারতের একটি কলেজে মাস্টার্স প্রোগ্রামে তার পারফরম্যান্সের জন্য স্বর্ণপদক জেতেন, তখন তার ভাবনা ঘিরে ছিল তাঁর মাতৃভূমি। আফগানিস্তানের বামিয়ান প্রদেশে বড় হয়েছেন তিনি। ভবিষ্যত আশাব্যঞ্জক বলে মনে হয়েছিল তার। তিনি দিনে কাজ করতেন এবং স্নাতক ডিগ্রি সম্পন্ন করার জন্য নাইট স্কুলে যেতেন। মুরাদি বলেন, জীবন শান্তিপূর্ণ ও স্বাভাবিক ছিল। তিনি বলেন, নারীরা বিশ্ববিদ্যালয়ে যেতে পারত। মেয়েরা শিখতে আগ্রহী ছিল। পরিবারগুলিও মেয়েদের উচ্চশিক্ষাগ্রহণের জন্য সমর্থন করেছে এবং উৎসাহিত করেছে। দুই বছর আগে জনপ্রশাসনে স্নাতকোত্তর কোর্সের জন্য স্কলারশিপ নিয়ে ভারতে আসেন তিনি। ২০০১ সালে তালেবানের পতনের পর গত দুই দশকে হাজার হাজার আফগান নাগরিক ভারতীয় কলেজে ভর্তি হয়েছেন। এই তরুণ ছাত্রদের অনেকের মতো, তার লক্ষ্য ছিল ফিরে আসা এবং নীতি নির্ধারণে তার ডিগ্রিটি চাকরি এবং আফগানিস্তানের আধুনিকীকরণে সহায়তা করার জন্য ব্যবহার করা। ২০২১ সালের আগস্টে তালিবানরা আফগানিস্তানের নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার পর হঠাৎ করেই সবকিছু পাল্টে যায়। অনেক নারীর মতো, তিনিও ভয় পেয়েছিলেন, দেশটি আবারও সেই অন্ধকার দিনগুলিতে ফিরে যাবে। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, আমি এই অর্জন সেই সব নারীদের উৎসর্গ করছি, যাদের পড়াশোনার সুযোগ নেই। আমার মতো মেয়েরা এই সুযোগটি তাদের কাছে ফিরিয়ে দিতে চায়। এই মেডেল প্রমাণ করে, নারীরা যে কোনও কিছু অর্জন করতে পারেন। মুরাদি বলেন, তিনি নিজেকে শিক্ষা থেকে বঞ্চিত আফগানিস্তানের নারীদের প্রতিনিধি হিসেবে দেখেন। গত ডিসেম্বরে তালিবান নারীদের বিশ্ববিদ্যালয়ে যাওয়া নিষিদ্ধ করে, যা নারী শিক্ষার ওপর দ্বিতীয়বার আঘাত হানে। মুরাদি এখন একই কলেজ থেকে ভারত সরকারের ইন্ডিয়ান কাউন্সিল অফ কালচারাল রিলেশনসের বৃত্তির সহায়তায় জনপ্রশাসনে পিএইচডি করছেন। তালিবানের উদ্দেশ্যে তিনি বলেন, আমি মনে করি তালিবানের নারীদের শিক্ষা থেকে বঞ্চিত করার বিষয়টি পুনর্বিবেচনা করা উচিত। তারা যদি শাসন করতে চায় তবে তারা নারীদের উপেক্ষা করতে পারে না। নারীরা প্রতিবাদ করবে, কোনো এক সময় তারা রুখে দাঁড়াবে এবং অধিকার চাইবে। তা না হলে দেশের অর্ধেক মানুষ অকেজো হয়ে পড়বে।



# ফ্রান্সের প্রেসিডেন্ট ম্যাক্রোঁ সোমবার সংসদীয় ভোটে আরেক পরীক্ষার মুখোমুখি

**প্যারিস ঃ** প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সরকার রাষ্ট্রীয় পেনশনের বয়সসীমা বাড়াতে পার্লামেন্টকে পাশ কাটিয়ে যাওয়ায় সোমবার ন্যাশনাল অ্যাসেম্বলি তার ওপর অনাস্থা প্রস্তাবে ভোট নিতে যাচ্ছে।

পেনশন সংস্কারের বিরুদ্ধে কয়েক সপ্তাহ ধরে চলা বিক্ষোভের পর, সারা দেশে তিন রাত ধরে অস্থিরতা ও বিক্ষোভের সূত্রপাত হয়। ২০১৮ সালের শেষ দিকে জ্বালানি তেলের উচ্চ মূল্যের বিরুদ্ধে শুরু হওয়া ইয়েলো ভেস্ট বিক্ষোভের কথা স্মরণ করিয়ে দেয়।

তবে সোমবারের ভোটে ম্যাক্রোঁর সরকারের প্রতি ক্ষোভ প্রতিফলিত হলেও তাতে সরকার পতনের সম্ভাবনা কম।

বিরোধী দলীয় আইনপ্রণেতারা শুক্রবার সংসদে দুটি অনাস্থা প্রস্তাব উত্থাপন করেন।

মধ্যপন্থী গোষ্ঠী লিওট একটি বহুদলীয় অনাস্থা প্রস্তাব করেছিল, যা উগ্র বাম পন্থী নুপস জোট দ্বারা সহস্বাক্ষরিত হয়েছিল। এর কয়েক ঘণ্টা পর ফ্রান্সের উগ্র ডানপন্থী ন্যাশনাল র‌্যালি পার্টি, যার জাতীয় পরিষদের ৮৮ জন সদস্য রয়েছে, তারাও অনাস্থা প্রস্তাব দাখিল করে। কিন্তু গত বছরের নির্বাচনে নিম্নকক্ষে ম্যাক্রোঁর দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা হারালেও উগ্র বাম থেকে উগ্র ডানপন্থী সব পক্ষের আইনপ্রণেতাদের আকস্মিক জোট গঠন না করা পর্যন্ত বহুদলীয় প্রস্তাবটি পাস হওয়ার সম্ভাবনা খুব কম।

রক্ষণশীল লে রিপাবলিকেইন (এলআর) পার্টির নেতারা এ ধরনের জোটের সম্ভাবনা নাকচ করে দিয়েছেন। তাদের কেউই শুক্রবার দায়ের করা প্রথম অনাস্থা প্রস্তাবের পৃষ্ঠপোষকতা করেননি।

কিন্তু তারপরও কিছুটা চাপের মুখে পড়ে দলটি।

দক্ষিণাঞ্চলীয় শহর নিসে লে রিপাবলিকেইনের নেতা এরিক সিওত্তির রাজনৈতিক কার্যালয় রাতারাতি ভাংচুর করা হয় এবং প্রস্তাবটি সমর্থন না করা হলে দাঙ্গার হুমকি দেওয়া হয়।

টুইটারে লিখেছেন সিওত্তি, তারা সহিংসতার মাধ্যমে সোমবার আমার ভোটের ওপর চাপ সৃষ্টি করতে চায়। সন্ত্রাসের নতুন শিষ্যদের কাছে আমি কখনই মাথা নত করব না। ম্যাক্রোঁর সংস্কারের ফলে পেনশনের বয়স দুই বছর বাড়িয়ে ৬৪ বছর করা হয়েছে। সরকার বলছে, সিস্টেমটি ভেঙে না যায় তা নিশ্চিত করার জন্য এটি অপরিহার্য।



## মে মাসে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে পার্লামেন্ট ভেঙে দিয়েছে থাইল্যান্ড

**ব্যাংকক ঃ** আগামী মে মাসে নির্বাচন অনুষ্ঠানের পথ সুগম করতে, সোমবার পার্লামেন্ট ভেঙে দিয়েছে থাইল্যান্ড। এই নির্বাচন, সামরিক-সমর্থিত প্রতিষ্ঠান এবং দেশটির রাজনৈতিক সংগঠনগুলোর মধ্যে দীর্ঘ দিন ধরে চলমান ক্ষমতার লড়াইকে উস্কে দেবে। এই লড়াই, দুই দশক ধরে নির্বাচনে প্রভাব বিস্তার করে আছে। সোমবার প্রকাশিত এক রাজকীয় ঘোষণায়, নির্বাচনের আগে রাজা মহা ভাজিরালংকর্ন পার্লামেন্ট ভেঙে দেয়ার একটি ডিক্রি অনুমোদন করেন।পার্লামেন্ট ভেঙে দেয়ার ৪৫ দিন থেকে ৬০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। এই নির্বাচনে প্রধানত ধনকুবের সিনাওয়াত্রা পরিবার ও তার ব্যবসায়িক সহযোগী এবং দেশটির রাজতন্ত্র সমর্থক সেনাবাহিনী ও সাবেকি ধনবান রক্ষণশীলদের প্রতিদ্বন্দ্বিতার মুখে ঠেলে দিয়েছে। বিভিন্ন জনতুষ্টিবাদী নীতির কারণে, থাইল্যান্ডের শ্রমজীবীদের মধ্যে জনপ্রিয় সিনাওয়াত্রা পরিবার নিয়ন্ত্রিত দলগুলো ২০০১ সাল থেকে প্রতিটি নির্বাচনে জয়লাভ করেছে।এর মধ্যে দুবার তারা নিরঙ্কুশ বিজয় পায়। তাদের তিনটি সরকারই হয় সামরিক অভ্যুত্থান, নয় আদালতের রায়ে অপসারিত হয়। মে মাসের নির্বাচনে, পার্লামেন্ট সদস্যরা নির্বাচিত হবেন। তারা, একটি নিয়োগ দেয়া সিনেটের সঙ্গে যৌথভাবে জুলাই মাসের শেষের দিকে প্রধানমন্ত্রী নির্বাচন করবেন। প্রধান বিরোধী দল ফেউ থাই পার্টির নেতা পেতংতার্ন সিনাওয়াত্রা মতামত জরিপে প্রধানমন্ত্রী হওয়ার দৌড়ে এগিয়ে আছেন। সপ্তাহান্তে প্রকাশিত এক জরিপে তার প্রতি সমর্থন ১০ পয়েন্ট থেকে বেড়ে ৩৮ দশমিক ২ শতাংশে পৌঁছেছে। এই হার তার নিকটতম প্রতিদ্বন্দ্বীর সমর্থনের ছেয়ে দ্বিগুণেরও বেশি। পেতংতার্ন শুক্রবার বলেছেন, তিনি তার দলের বিরুদ্ধে আরোপিত যেকোনো রাজনৈতিক কৌশল এড়িয়ে নিরঙ্কুশ বিজয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী।



## কৌশলগত পারমাণবিক হামলার প্রতিরূপ সৃষ্টি করে উত্তর কোরিয়ার মহড়া

**পিয়ংইয়ং ঃ** উত্তর কোরিয়ার নেতা কিম জং উন, কৌশলগত পারমাণবিক হামলার একটি প্রতিরূপ সৃষ্টি করে অনুষ্ঠিত মহড়ার তদারকি করেছেন। সোমবার দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম একথা জানায়। এটিকে পিয়ংইয়ং, যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার চলমান যৌথ সামরিক মহড়ার প্রতিক্রিয়ার অংশ বলে অভিহিত করেছে।

রাষ্ট্রচালিত বার্তা সংস্থা কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সি জানিয়েছে, শনিবার এবং রবিবার অনুষ্ঠিত উত্তর কোরিয়ার এই মহড়ায়, পারমাণবিক হামলার প্রতিরূপ সৃষ্টি করে শত্রুর প্রধান লক্ষ্যবস্তুতে ক্ষেপনাস্ত্র হামলা অন্তর্ভুক্ত ছিলো। দক্ষিণ কোরিয়া এর আগে রবিবার ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ করা হয়েছে বলে জানিয়েছিলো। সেই সময়ে দেশটি এটিকে স্বল্পপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র বলে জানায়। ক্ষেপণাস্ত্রটি উত্তর কোরিয়ার টংচাংরি এলাকা থেকে উৎক্ষেপণ করা হয় পরে তা সমুদ্রে গিয়ে পড়ে। যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়া, তাদের ১১ দিনের বড় পরিসরের যৌথ সামরিক মহড়ার সমাপ্তি টানতে যাচ্ছে বৃহস্পতিবার। এই মহড়ায়, পাঁচ বছরের মধ্যে বৃহত্তম কয়েকটি মাঠ পর্যায়ের অনুশীলন অন্তর্ভুক্ত ছিলো। মিত্র দেশ দুটি যুক্তরাষ্ট্রের কৌশলগত অস্ত্র সহকারে আরো কিছু মহড়া পরিচালনা করেছে।যুক্তরাষ্ট্রের কৌশলগত অস্ত্র বলতে, দূরপাল্লার বোমারু বিমান, পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম বিমান এবং আঘাত হানতে সক্ষম বিমানবাহী জাহাজের বহরকে বোঝায়। গত বৃহস্পতিবার উত্তর কোরিয়া একটি হোয়াসং সেভেন্টিন আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (আইসিবিএম) উৎক্ষেপণ করে। এই ক্ষেপনাস্ত্র ১৫ হাজার কিলোমিটারের বেশি ভ্রমণ করতে সক্ষম এবং যুক্তরাষ্ট্রের মূল ভূখণ্ডের যেকোনো জায়গায় আঘাত হানতে পারে। যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়ার সাথে কূটনৈতিক আলোচনার সময় এ ধরণের ক্ষেপনাস্ত্র পরীক্ষা বন্ধ রখেছিলো উত্তর কোরিয়া। কয়েক বছর বিরতির পর, দেশটি গত বছর আবার দূরপাল্লার ক্ষেপণাস্ত্র পরীক্ষা শুরু করে। সাম্প্রতিক বছরগুলোকে উত্তর কোরিয়া ক্ষেপণাস্ত্র নিক্ষেপের প্ল্যাটফর্মকে ব্যাপকভাবে বহুমুখিকরণ করেছে।এখন তারা ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণে এগুলো ব্যবহার করছে। বিশ্লেষকরা বলছেন, কৌশলটি যুক্তরাষ্ট্র এবং অন্যান্য গোয়েন্দা সংস্থার জন্য উত্তর কোরিয়ার উৎক্ষেপণ পর্যবেক্ষণ, পূর্বাভাস প্রদান এবং সনাক্ত করা আরো কঠিন করে তুলেছে।




**প্রযুক্তি**

গার্মি ঠিক কখন বাণিজ্যিক উৎপাদনের জন্য প্রস্তুত হতে পারে, তা এখনো অনুমান সাপেক্ষ

# জার্মানী প্রবীণদের স্বাস্থ্যসেবায় রোবট ব্যবহারের কথা ভাবছে

**বার্লিন ঃ** গার্মি হল জেরিয়াট্রনিক্স নামক নতুন সেক্টরের একটি পণ্য। যা জেরিয়াট্রিক্স, জেরোন্টোলজি এবং নার্সিংয়ের জন্য বিশেষভাবে তৈরি একটি রোবোটিক্স, এটি আইটি এবং থ্রিডি প্রযুক্তির মতো উন্নত প্রযুক্তি ব্যবহার করে নির্মিত হয়েছে।

সাদা রঙের মানব আকৃতির রোবট গার্মি। এটি একটি সাধারণ রোবট থেকে খুব বেশি আলাদা কিছু নয়, রোবটটি চাকাসহ একটি প্ল্যাটফর্মের উপর দাঁড়িয়ে আছে এবং একটি কালো পর্দা দিয়ে সজ্জিত, যার উপর দুটি নীল বৃত্ত চোখের মতো কাজ করছে।

তবে অবসরপ্রাপ্ত জার্মান ডাক্তার গুয়েন্টার স্টেইনবাখ (৭৮) বলছেন, আমার জন্য, এই রোবটটি সত্যিই একটি স্বপ্ন।

গার্মি শুধুমাত্র রোগীদের রোগ নির্ণয় করতে সক্ষম তা নয়, এটি তাদের যত্ন এবং চিকিৎসা সেবাও দিতে পারে। অন্তত এখন পর্যন্ত সেরকমই পরিকল্পনা মাথায় রেখেই এর ডিজাইন করা হয়েছে।

গার্মি হল জেরিয়াট্রনিক্স নামক নতুন সেক্টরের একটি পণ্য। যা জেরিয়াট্রিক্স, জেরোন্টোলজি এবং নার্সিংয়ের জন্য বিশেষভাবে তৈরি একটি রোবোটিক্স, এটি আইটি এবং থ্রিডি প্রযুক্তির মতো উন্নত প্রযুক্তি ব্যবহার করে নির্মিত হয়েছে।

মিউনিখ ইনস্টিটিউট অফ রোবোটিক্স অ্যান্ড মেশিন ইন্টেলিজেন্সের স্টেইনবাখের মতো চিকিৎসকদের সহায়তায় প্রায় এক ডজন বিজ্ঞানী মিলে গার্মি রোবটটি তৈরি করেন।

ইউরোপের সবচেয়ে জনবহুল দেশ জার্মানী, বিশ্বের সবচেয়ে দ্রুত বার্ধক্যশীল সমাজগুলির মধ্যে একটি। ২০৫০ সাল নাগাদ জার্মানিতে যত্ন নেওয়ার জন্য প্রয়োজনীয় লোকের চাহিদা দ্রুত বাড়ছে এবং আনুমানিক ৬৭০,০০০ যত্ন নেয়া লোকেদের পদগুলি পূরণ করা সম্ভব হবে না। তাই, গবেষকরা এমন একটা রোবট তৈরি করার জন্য নিরলস চেষ্টা করে যাচ্ছেন, যা নার্স, তত্ত্বাবধায়ক এবং ডাক্তারদেরও কিছু কাজ করে দিতে পারে। প্রধান বিজ্ঞানী আব্দেলদজাল্লিল নাসেরি (৪৩) বলেন, এখন আমাদের এটিএম বুথ রয়েছে, যেখান থেকে আমরা নগদ অর্থ পেতে পারি। আমরা কল্পনা করতে পারি যে একদিন, একই মডেলের উপর ভিত্তি করে, লোকেরা এক ধরণের প্রযুক্তি কেন্দ্রে তাদের ডাক্তারি পরীক্ষা করতে হয়ত আসবে। তবে, গার্মি ঠিক কখন বাণিজ্যিক উৎপাদনের জন্য প্রস্তুত হতে পারে, তা এখনো অনুমান সাপেক্ষ।






# স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কুশপুত্তলিকা দাহ করল জেলা কংগ্রেস



সন্দীপ মুখার্জী

**কোডারমা।** কেন্দ্রীয় সরকারের স্বৈরাচারী ও কাপুরুষোচিত কাজের বিরুদ্ধে, সোমবার জেলা কংগ্রেসের পক্ষ থেকে ঝুমরি তিলাইয়ায় ঝান্ডা চকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কুশপুত্তলিকা দাহ করা হয়। কুশপুত্তলিকা পোড়ানোর কর্মসূচিতে নেতৃত্ব দিয়ে কোডারমা কংগ্রেসের জেলা সভাপতি ভগীরথ পাসওয়ান বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তার বন্ধু আদানির জালিয়াতি আড়াল করার চেষ্টা করছেন, অন্যদিকে রাহুল গান্ধী আদানি ইস্যু বারবার উত্থাপন করায় প্রধানমন্ত্রী সম্পূর্ণভাবে উত্তেজিত। পাসওয়ান বলেন যে দেশে মুদ্রাস্ফীতি, বেকারত্ব, দুর্নীতি শীর্ষে রয়েছে, রাহুল গান্ধী এই সমস্ত বিষয়ে সংসদে তাঁর আওয়াজ তুলতে ক্রমাগত কাজ করছেন। বিজেপি সরকার সাড়া দিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। তিনি বলেন, ভারত জোড়ো যাত্রার সময় দেশের কিছু মাবোন রাহুল গান্ধীর সঙ্গে তাদের দুঃখকষ্টের কথা শেয়ার করেছিলেন, জনস্বার্থে এসব প্রশ্নে আওয়াজ তোলার কারণে দিল্লি পুলিশ জাতীয় কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধীর দরজায় কড়া নাড়তে চলে যান। জাতীয় কংগ্রেস কোডারমা জেলা কংগ্রেস কমিটি এই ধরনের কাজের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তীব্র নিন্দা করেন।

জেলা পরিষদের সহকংগ্রেস নেতা লক্ষণ যাদব, রাজের প্রতিনিধি তুলসী মোদী, প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ সিং, রাম লিখন পাসোয়ান, সিনিয়র কংগ্রেস নেতা উপেন্দ্র সিং, জেলা মুখপাত্র সঞ্জয় শর্মা, প্রভাত রাম, ফায়াজ আবু কেসার, মহম্মদ চাঁদ আলম, শম্ভু শর্মা, সন্তোষ কুমার যাদব, যুব কংগ্রেসের কার্যনির্বাহী জেলা সভাপতি আশরাফ আলী মহম্মদ গুলজার, আশা দেবী, নীলম দেবী, পূর্ণিমা দেবী, আকাশ সিং, ভোলা দাস, কুন্দন সাহু, বিশাল সাহু, গুড্ডু কুমার, মনতোষ কুমার, রাজমোহন সাহু, অরবিন্দ সিং, রফাকত আলী, মহম্মদ রিজওয়ান খান প্রভৃতি কয়েক ডজন কংগ্রেসকর্মী উপস্থিত ছিলেন।

### ১৪ বছর বয়সী এক থ্যালাসেমিয়া রোগীর জন্য খুব দ্রুত 'এ'নেগেটিভ রক্তের প্রয়োজন জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি রয়েছে রোগী

**জলপাইগুড়ি ঃ** ১৪ বছর বয়সী এক থ্যালাসেমিয়া রোগীর জন্য খুব দ্রুত 'এ'নেগেটিভ রক্তের প্রয়োজন।জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি রয়েছে রোগী। বিষয়টি জানতে পেরে মাত্র ১৫ মিনিটের মধ্যেই প্রয়োজনীয় রক্তের ব্যবস্থা করলেন জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার।পুলিশ সুপারের এই মানবিক দৃষ্টান্তের কথা ছড়িয়ে পড়তেই তাঁর প্রশংসায় পঞ্চমুখ হচ্ছেন জলপাইগুড়ি শহরের সমাজকর্মীরা। যদিও বিষয়টিকে নিজের কর্তব্য বলেই মনে করেন জেলা পুলিশ সুপার বিশ্বজিৎ মাহাত।থ্যালাসেমিয়ায় আক্রান্ত এক নাবালকের জন্য রক্তের প্রয়োজনীয়তার কথা জানতে পেরে জলপাইগুড়ি মহিলা সঙ্ঘ সমিতির সেক্রেটারি সুচিত্রা সেনগুপ্ত ফোন করেন ফাইট ব্যাক কোভিড গ্রুপের কর্নধার তন্ময় সেনগুপ্তকে। এভাবেই বিভিন্ন সোশ্যাল নেটওয়ার্কের মাধ্যমে খোঁজ চলতে থাকে রক্তের। যদিও অনেকটাই বিরল 'এ' নেগেটিভ রক্তের খোঁজ মিলছিল না কোথাও। জানা যায় ১৪ বছরের ওই রোগীর নাম সুখদেব রায়। সে সোনাউল্লা হাইস্কুলের নবম শ্রেণীর ছাত্র। তার বাবা একজন ট্যাক্সি চালক। থ্যালাসেমিয়ায় আক্রান্ত সুখদেবকে সহযোগিতা করেন ব্লাড ব্যাঙ্কের সকলেই। কিন্তু এই প্রয়োজনে রক্ত মিলবে কোথায়? শেষ পর্যন্ত বিষয়টি জানানো হয় জলপাইগুড়ি জেলা পুলিশ সুপারকে। মাত্র ১৫ মিনিটের মধ্যেই রক্তের ডোনারের হদিশ করে জলপাইগুড়ি জেলা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কে পাঠিয়ে দেন তিনি। জানা গেছে রক্তদাতা নিজেও একজন পুলিশ কর্মী। পুলিশ সুপার জানান, জেলা পুলিশের পক্ষ থেকে উৎসর্গ নামে একটি প্রকল্প রয়েছে। যার দ্বারা প্রতি মাসেই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই প্রকল্পের মাধ্যমে জেলা পুলিশ কন্ট্রোল রুমে রক্তদাতাদের ব্লাড গ্রুপের একটি তালিকা রয়েছে। সেই তালিকা অনুযায়ী খোঁজ চালিয়ে দেখা যায় একজন পুলিশ কর্মীর ওই গ্রুপের রক্ত রয়েছে। সঙ্গে সঙ্গে তাকে কল করে ব্লাড ব্যাঙ্কে পাঠিয়ে রক্তের ব্যবস্থা করা হয়।

## প্রাচীনতমো পাথরের কালী মূর্তি উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য

**মালদাঃ** গাজোল ব্লকের মাঝরা অঞ্চলের বাগদিঘী গ্রামের প্রাচীনতমো পাথরের কালী মূর্তি উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ালো । পাথরের মূর্তি উদ্ধারের খবর পেতেই ঘটনাস্থলে ছুটে যান গাজোল থানার পুলিশ। পরে পুলিশি হস্তক্ষেপে গাজোল থানায় মূর্তিটি উদ্ধার করে নিয়ে আসা হয়। মূর্তিটি কষ্টিপাথরের হতে পারে বলে অনুমান পুলিশ ও স্থানীয়দের।পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন গাজোলের মাঝরা অঞ্চল এলাকায় গোলাপ রায় নামে এক বাসিন্দার পুকুরে জেসিবি দিয়ে সংস্কার করার সময় একটি পাথরের মূর্তি উদ্ধার হয় মাটির নিচে থেকে । এই মূর্তিটি শতাব্দী প্রাচীন বলে মনে করা হচ্ছে । এই মূর্তি উদ্ধারের খবর হতেই মূর্তি দেখার জন্য প্রচুর লোক ভিড় করেন এলাকায়। উদ্ধার হওয়া পাথরের মূর্তিটি সম্ভবত কালী মায়ের মূর্তি বলে মনে হচ্ছে। বর্তমান ওই পাথরের কালী ঠাকুরের মূর্তিটি গাজোল থানা হেফাজতে রয়েছে

## একটি ছোট অনুষ্ঠানের মধ্য দিয়ে এই কালভার্ট ও সাব মার্শিবলের শিলান্যাস

**মালদা ঃ**মালদা জেলার চাঁচল ১ নং ব্লকের চাঁচল গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সাহেবগঞ্জ গ্রামে একটি কালভার্ট ও সাব মার্শালের শিলান্যাস করলেন মালদা জেলা পরিষদের সদস্য মহম্মদ সামিউল ইসলাম। বৃহস্পতিবার সন্ধ্যায় করা হয়। কালভার্ট এর কাজটির জন্য বরাদ্দ করা হয়েছে প্রায় ৪ লক্ষ ৮০ হাজার টাকা ও সাব মার্শালের জন্য বরাদ্দ করা হয়েছে ২ লক্ষ টাকা। ওই প্রকল্প দুইটির কাজ হওয়াই খুশি এলাকাবাসী।দফাই দফাই উন্নয়ন পৌঁছে দিচ্ছেন মালদা জেলা পরিষদের সদস্য মহম্মদ সামিউল ইসলাম ।এদিনের শিলান্যাস অনুষ্ঠানে মহম্মদ সামিউল ইসলাম ছাড়াও উপস্থিত ছিলেন গ্রামের বাসিন্দারা সহ স্থানীয় তৃনমূল নেতৃবৃন্দ।মহম্মদ সামিউল ইসলাম বলেন এলাকার মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নে খুশি হয়ে এই সরকারের পাশে রয়েছে।কালভার্ট ও সাব মার্শিবলটি করে দেওয়ার জন্য মহম্মদ সামিউল ইসলামের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন সাহেবগঞ্জ গ্রামের বাসিন্দারা।

## কড়া পুলিশী ব্যবস্থাপনায় হিমঘর গুলোতে আলু রাখার প্রক্রিয়া শুরু হয়েছে

**জলপাইগুড়ি ঃ** কড়া পুলিশী ব্যবস্থাপনায় শুক্রবার থেকে জলপাইগুড়ি সদর ব্লকের বিভিন্ন হিমঘর গুলোতে আলু রাখার প্রক্রিয়া শুরু হয়েছে।আগেই পেয়েছে বন্ড এবার নিশ্চিন্তে হিমঘরে আলু রাখতে এসে খুশি চাষীরা।বিগত দিনে হিমঘরে আলু রাখার বন্ড বিতরণ কে ঘিরে জলপাইগুড়িতে ধুন্ধুমার কান্ড দেখা দিলেও শুক্রবার ঠিক তার উল্টো চিত্রই উঠে এলো ক্যামেরায়।এদিন জলপাইগুড়ি সদর ব্লকের বিভিন্ন হিমঘরে আলু রাখতে এসেছেন চাষীরা।সকাল থেকেই সুষ্ঠ ভাবে আলু হিমঘরে রাখার বিষয়টি নিশ্চিত করতে ব্যাবস্থা নিয়েছে পুলিশ প্রশাসন যদিও দুপুর পর্যন্ত কোনো হিমঘরেই কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।আলু রাখতে আসা এক ট্রাক্টর চালক জানালেন এবার অনেক শান্তি, গতবারও খুব ঝামেলা হয়েছিলো কিন্তু এবারে একেবারে শান্তি।ওপর এক আলু চাষীর গলাতেও একই সুর,কোনো রকমের ঝুটঝামেলা ছাড়াই এবার হিমঘরে আলু রাখতে পারছেন বলে জানালেন তিনি। যেকোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে প্রতিটি হিমঘরে দশ থেকে কুড়ি জন বাড়তি নিরাপত্তারক্ষী ব্যবস্থা করেছে হিমঘর কর্তৃপক্ষ।

## দীর্ঘ অপেক্ষার পর অবশেষে শুরু হচ্ছে সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, শিলান্যাস করলেন মেয়র

**শিলিগুড়ি ঃ** দীর্ঘ অপেক্ষার অবসান।অবশেষে শিলিগুড়িতে চালু হতে চলেছে সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট।শুক্রবার নতুন ভাবে এই কাজের শিলান্যাস করলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব।প্রসঙ্গত, বাম আমলে প্রাক্তণ পুরমন্ত্রী অশোক ভট্টাচার্যের হাত দিয়ে সূচনা হয়েছিল মহানন্দা অ্যাকশন প্ল্যানের অন্তর্গত সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্টের।মূলত মহানন্দা নদীকে দূষণমুক্ত করতেই কেন্দ্রের সহায়তায় এই প্রকল্পের ভাবনা নিয়েছিল বিগত বাম সরকার।তবে ২০১১ সালে রাজ্যে নতুন সরকার আসার পর শিলিগুড়ির নৌকাঘাট সংলগ্ন মহানন্দা নদীর চর ঘেঁষে তৈরি হওয়া এই সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্টের কাজ বন্ধ হয়ে যায়।দীর্ঘ কয়েকবছর এই প্রকল্পের কাজ বন্ধ থাকার পর অবশেষে ফের বর্তমান রাজ্য ও কেন্দ্রের যৌথ উদ্যোগে শুরু হতে চলেছে মহানন্দা সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট।শুক্রবার নতুন করে এই কাজের শিলান্যাস করেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব।এদিন মেয়র জানান, শহরের নোংরা জল পরিশ্রুত করে মহানন্দা নদীতে ফেলে নদীকে দূষণমুক্ত রাখার জন্যই এই পরিকল্পনা।৬৭ শতাংশ রাজ্য ও ৩৩ শতাংশ কেন্দ্রের সহোযোগিতায় ২ ও ৩ প্রকল্পের কাজ শুরু হলো।প্রথম পর্যায়ে ৬৮ কোটি টাকা ব্যয়ে এই কাজের সূচনা হলো।মোট ২৭৪ কোটি টাকা ব্যয়ে সমগ্র প্রকল্পের কাজ করা হবে বলে জানান তিনি।

## ইসলামপুর কৃষক বাজার সংলগ্ন এলাকার গার্বেজে হঠাৎ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য

**উত্তর দিনাজপুর ঃ**ইসলামপুর কৃষক বাজার সংলগ্ন এলাকার গার্বেজে হঠাৎ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা চাঞ্চল্য তবে এই অগ্নিকাণ্ডের ঘটনার খবরদার স্থানীয় বাসিন্দারা ইসলামপুরের দমকল বাহিনীকে এবং দমকল বাহিনীর একটি ইঞ্জিন আসে এবং আগুনকে নিয়ন্ত্রণ আনে পাশাপাশি কিভাবে ওইখানে আগুন লাগলো এখনো পর্যন্ত জানা যায়নি এমন কি দঙ্গল বাহিনীর আধিকারিকরা জানাতে পারিনি তবে প্রশ্ন উঠছে এমন ফাকা জায়গায় কিভাবে আগুন লাগল এবং ওই গার্বেজের পাশে রয়েছে স্থানীয় বাসিন্দাদের বাড়ি ঘর এবং তার পাশেই রয়েছে ইসলামপুর শহরের রাজ্য সড়ক এবং ইসলামপুর কৃষক বাজার. তবে ঘটনার খবর পেয়ে আছে ইসলামপুর থানার পুলিশ এবং তদন্ত শুরু করেছে ইসলামপুর থানার পুলিশ কিভাবে ওই আগুন লাগলো

## চলতি মরশুমে মালদহ ও মুর্শিদাবাদ জেলা থেকে ৭৫ টি প্রজাতির আম বিদেশে রফতানির পরিকল্পনা নিয়েছে অ্যাপেডা( এপিইডিএ)

**মালদহ ঃ** চলতি মরশুমে মালদহ ও মুর্শিদাবাদ জেলা থেকে ৭৫ টি প্রজাতির আম বিদেশে রফতানির পরিকল্পনা নিয়েছে অ্যাপেডা( এপিইডিএ)। কেন্দ্রীয় এই সংস্থার মাধ্যমে দেশের বিভিন্ন সামগ্রী বিদেশে রফতানি করা হয়। গত বছর অ্যাপেডার মাধ্যমেই মালদহ ও মুর্শিদাবাদ জেলার ৩৪ টি প্রজাতির আম বিদেশে রফতানি করা হয়েছিল।

দেশের স্বাধীনতার ৭৫ বর্ষ। তাই এবার বাংলার ৭৫টি প্রজাতির আম বিদেশে রফতানি করার উদ্যোগ নেওয়া হয়েছে। শুক্রবার নেতাজি মোড় এলাকায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানালেন মালদা ম্যাংগো মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি উজ্জ্বল সাহা। তিনি জানান,৭৫ টি প্রজাতির আমের মধ্যে মালদহের আম সবচেয়ে বেশি থাকার সম্ভাবনা রয়েছে। জিআই ট্যাগ পেয়েছে মালদহের ফজলি, হিমসাগর ও লক্ষণভোগ। এই তিনটি প্রজাতির আম বিদেশে অবশ্যই পাঠানো হবে। পাশাপাশি মালদহ জেলার বিখ্যাত গোপালভোগ, আলতাপেটি বৃন্দাবনি, ল্যাংড়া, আশিনা, বৃন্দাবনি আশিনা, রাখালভোগ , কিসানভোগ, ফুলিয়া, আম্রপালি ও মল্লিকা, মোহনভোগ,তোতাপুরী, মধুচুষকী,অমৃতভোগ,রাণী পসন্দ,ডালভাঙা, দিলখুস,মোহন ঠাকুর,গোলিয়া, সহ অন্যান্য বেশ কিছু আম পাঠানোর পরিকল্পনা রয়েছে।

জেলার অর্থনীতি চাঙ্গা করতে বিদেশে বেশি পরিমাণে আম রফতানি প্রয়োজেন তা দীর্ঘদিন ধরে ব্যবসায়ীরা দাবি জানিয়ে আসছেন। রাজ্য সরকারের সহযোগিতায় কেন্দ্রীয় সরকারের এই সংস্থার পরিকল্পনা বাস্তবায়িত হলে আগামীতে হয়তো আমের মধ্য দিয়ে মালদহের অর্থনীতি অনেকটাই সমৃদ্ধ হবে বলে জানান উজ্জ্বল সাহা।






## হাসপাতালে দুজন পরীক্ষার্থী দিলেন উচ্চমাধ্যমিক পরীক্ষা

**জলপাইগুড়ি ঃ** বৃহস্পতিবার ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে দুজন পরীক্ষার্থী দিলেন উচ্চমাধ্যমিক পরীক্ষা। জানা গিয়েছে একজনের নাম অঞ্জলি রায়। এবং অপর জনের নাম ধরিত্রী রায়।অঞ্জলি রায়ের বাড়ি ময়নাগুড়ি ব্লকের রাখাল হাট এলাকায়। সে নীলকান্ত পাল হাই স্কুলের ছাত্রী। তার সেন্টার পড়েছিল দমহনি ও পলওয়েল হাই স্কুলে।অপরজনের বাড়ি বোল বাড়িতে। সে সিঙ্গিমারি চন্দ্রদেব হাই স্কুলের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী ছিল। তারও সেন্টার পড়েছিল পলওয়েল হাইস্কুলে।জানা গিয়েছে অঞ্জলি রায় বৃহস্পতিবার শ্বাসকষ্ট ও জ্বরে অসুস্থ হয়ে পড়ে। স্কুল কর্তৃপক্ষ হাসপাতালে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করে।অপরজন ধরিত্রী রায়ের গতকাল রাত পেট খারাপ জনিত অসুস্থতার কারণে ভর্তি হয়েছিল। এদিন তিনিও সেখানে পরীক্ষা দেন। তারা দুজনেই বলেছে পরীক্ষা ভালো হয়েছে।ময়নাগুড়ি সেঃটারের দায়িত্বে থাকা শিক্ষক শংকর পাল বলেন, একজন ছাত্রী গতকাল রাতেই অসুস্থ হয়েছিল।অপরদিকে একজন আজকে অসুস্থ হয়। তাদের দুজনকেই ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করানো হয়েছে।

## পর্যটকদের হয়রানির অভিযোগ চালকের বিরুদ্ধে বিবাদ ও মারামারির পর পুলিশ মধ্যস্থতা করে

**শিলিগুড়ি ঃ** পর্যটকদের হেনেস্তা করার অভিযোগ চালকের বিরুদ্ধে। গত সাত দিন আগে কলকাতার বালি থেকে ১৩জনের একটি দল সিকিম,দার্জিলিং সহ ডুয়ার্সে বেড়ানোর জন্য একটি ট্রাভেল এজেন্সির সাথে ৯৬হাজার টাকায় চুক্তি হয়।আজ রাত একটায় কলকাতায় ফেরার ট্রেন থাকার জন্য ট্রেভিল এজেন্সির সাথে কথা হয় মিরিক হয়ে তারা ডুয়াস হয়ে নিউজলপাইগুড়ি স্টেশনে আসবে।সেই মত আজ সকালে দার্জিলিং থেকে দুটি গাড়ীতে তারা রওনা হয়।একটি গাড়ী মিরিক হয়ে এলেও আরেকটি গাড়ী মিরিক না গিয়ে নিউ জলপাইগুড়ি স্টেশনে দিকে চলে আসে।রাস্তায় পর্যটকরা আপত্তি জানালে গাড়ীর চালক তাদের হুমকি দেয় বলে অভিযোগ করে পর্যটকরা।এরপরই বাজে ভাবে গাড়ী চালাতে থাকে চালক।কাওয়াখালীর কাছে চালক গাড়ী থামাতে বললে সে গাড়ী থামায় না।এরপরই গাড়ীর মধ্যেই শুরু হয় বচসা। বাধ্য হয়ে চালক গাড়ী থামাতেই গাড়ী থেকে নেমে পড়ে পর্যটকরা।সেখানে শুরু হয় বচসা ও হাতাহাতি।স্থানীয়রা এসে দুপক্ষকে সরিয়ে দেয়।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ আউটপোষ্ট থানার পুলিশ।দুই পক্ষের মধ্যে মধ্যস্থতা করে দেয়।

## AIDSO এর নবম ছাত্র সম্মেলনের আযোজেন

**শিলিগুড়ি ঃ** সমস্ত শূন্য পদে দুর্নীতিমুক্ত ভাবে শিক্ষক নিযোগে সহ স্কুল গুলোর পরিকাঠামো উন্নয়ন সহ মোট ৬ দফা দাবিতে বৃহস্পতিবার অনুষ্ঠিত হল দার্জিলিং জেলা এআইডিএসওএর নবম ছাত্র সম্মেলন।এদিন শিলিগুড়ির কোর্ট মোড়ের কাছে শহীদ বেদীতে মাল্যদান ও দলীয় পতাকা উত্তোলনের পর জিটিএস ক্লাবে অনুষ্ঠিত হয় দার্জিলিং জেলা এআইডিএসওএর নবম ছাত্র সম্মেলন।সংগঠনের সদস্যরা জানান,প্রায় ৮হাজার স্কুলকে বন্ধের মুখ থেকে রক্ষা করতে ও জাতীয় শিক্ষানীতি ২০২০ বাতিল সহ মোট ৬দফা দাবিতে এই সম্মেলন। তাদের এই সমস্ত দাবি পূরণের জন্য আগামী দিনে আরো কি কি কর্মসূচি গ্রহণ করে তাকে কার্যকরী করা হবে এদিন মূলত সেই সমস্ত বিষয়ে আলোচনা করা হয়।

## ১৫৯ ব্যাটেলিয়ানের সিভিক অ্যাকশন কর্মসূচির আযোজেন

**মালদাঃ** বামনগোলা থানার অন্তগত কুটাদাহ ক্যাম্পের ১৫৯ নম্বর ব্যাটেলিয়ানের বিএসএফ উদ্যোগে অনুষ্ঠানের আযোজেন করে থাকে ১৫৯ নম্বর ব্যাটেলিয়ানের বি এস এফ জওয়ানেরা । এদিন উপস্থিত ছিলেন ১৫৯ নম্বরের অফিসিটিং কমান্ডেন্ট বিনয় পাল,ডিসি সনাতোন মন্ডল,প্রধান মিতা মন্ডল সহ এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্যরা। ১৫৯ ব্যাটেলিয়ানের আযোজেনে সিভিক অ্যাকশন কর্মসূচির মাধ্যমে সীমান্ত এলাকার মানুষের কল্যাণে এদিন বেশ কিছু সামগ্রী দান করা হয় ।এর মধ্যে রয়েছে বায়োটলেট, জলেফিল্টার, সোলার লাইট সেলাই মেসিন, ফুটবল, ভলি বল, ব্লাঙ্কেট, জলের ট্যাঙ্ক,ডাস্টবিন, বিভিন্ন সামগ্রীক তুলে দেওয়া হয় এলাকাবাসীর হাতে। বডার এলাকা ছেলেদের নিয়ে ভলিবল টুর্নামেঃটর খেলানো হয়, তাদের মধ্যে চাপিয়ান দলকে পুরুস্কার দেওয়া হয় বি এস এফের তরফে।

## বিজেপি কর্মীরা বহিরাগতদের নিয়ে এসে তৃণমূল কর্মীদের মারধরের বিরুদ্ধে প্রতিবাদ

**মালদা ঃ** অবগত বিজেপি কর্মীদের হাতে আক্রান্ত তৃণমূল কর্মী। গত ১৪ মার্চ মালদা ডিআরএম বিল্ডিং য়ে সংঘর ্ষ তৃণমূল কর্মীদের মধ্যে। এই ঘটনায় বেশ কয়েকজন আহত হয়। বহিরাগত বিজেপি কর্মীদের নিয়ে আসার অভিযোগ উঠে ২১ নম্বর বিজেপি ওয়ার্ড কাউন্সিলরের বিরুদ্ধে। তবে তিনি নাকি আহত হয়ে গেছেন মেডিকেল কলেজ হাসপাতাল। ঠিকাদারী সংস্থায় কাজ কেন্দ্র করে। ২৬ নম্বর তৃণমূল ওয়ার্ড কাউন্সিলরের কর্মীদের মধ্যে সংঘর। বহিরাগত বিজে বিজেপি কর্মীদের হাতে আক্রান্ত হয় তৃণমূল কর্মীরা আপনার প্রতিবাদ জানিয়ে মালদা শহরের পানি মোড় থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলে অংশ নেন ২২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর দুলাল সরকার, ২৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলর গৌতম দাস, তৃণমূল শ্রমিক সংগঠন আইএনটিইউসি

# অবশেষে কাটলো জট!স্বাভাবিক হলো উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের হোস্টেলের মেস পরিষেবা

**শিলিগুড়ি ঃ** অবশেষে কাটলো জট! স্বাভাবিক হলো উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের হোস্টেলের মেস পরিষেবা।দুদিনব্যাপী টানা ছাত্র আন্দোলনের পর স্বাভাবিক হলো উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের হোস্টেলের মেস পরিষেবা।জানা গিয়েছে, বৃহস্পতিবার হোস্টেল মনিটরিং কমিটির বৈঠকের পর মেস পরিষেবা আগের মতো চালু করার লিখিত আশ্বাস দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মনিটরিং কমিটি।এরপরই আপাতত বিক্ষোভ স্থগিত রেখে শুক্রবার থেকে পঠনপাঠন স্বাভাবিক শুরু করেছে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা।তবে যতদিন না পর্যন্ত উপাচার্য নিযোগে ও হোস্টেলের সুরক্ষা বৃদ্ধি না করা হয় ততদিন আন্দোলন চলবে বলে জানান পড়ুয়ারা।অন্যদিকে মনিটরিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হোস্টেলের মেস স্বাভাবিক করা হয়েছে ও আগামীদিনেও তা চলবে বলে রামকৃষ্ণ হল অফ রেসিডেন্সের হোস্টেল সুপার মনোরঞ্জন চৌধুরী জানান।






## প্রাচীন রীতি মেনে আজও টাকা ছাড়াই কেনাবেচা চাঁচলের মেলায়

**মালদহ ঃ** শরীরে চুলকানি সহ যেকোনো চর্মরোগে ত্রান পেতে বসন্তের দেবতার উদ্দেশ্যে পুজো উপচার সহ পুজো করার প্রথা আজকের আধুনিক যুগেও বহমান।মালদহের চাঁচলের শিহিপুরে ফাল্গুন সংক্রান্তিতে ঘটা করে পুজোর প্রচলন আজও রয়েছে। বসন্ত দেবতার থানে পুজোকে কেন্দ্র করে বসে মেলা ।মেলাটিও বহু প্রাচীন।প্রায় তিনশো বছর ধরে প্রতি বছরই ফাল্গুনের সংক্রান্তি তিথিতে আয়োজিত হয় ওই খুজলি মেলা।দেবতার উদ্দেশ্যে ভোগ নিবেদন করা হয়। খই,নাড়ু ও মুড়কি দেওয়ার রীতি রয়েছে।মেলা প্রাঙ্গন থেকে সংগ্রহ করতে হয় ভোগের ওই সামগ্রী।ভোগের সামগ্রী কেনাকাটার ক্ষেত্রেও প্রাচীন রীতি আজও প্রচলিত রয়েছে।টাকা পয়সা দিয়ে বিক্রেতারা ভোগের সামগ্রী বিক্রয় করেননা বিক্রেতারা।ভক্তেরা বাড়ি থেকে ধান,চাল অথবা সরিষা,গম ও যব সহ যেকোনো উৎপাদিত ফসলী থলিতে করে নিয়ে আসেন।আর ওই নিয়ে আসা খাদ্য শস্যের বিনিময়ে ভোগ ক্রয় করা হয় বসন্ত দেবতার। স্থানীয় বাসিন্দাদের কথায়,গ্রামের দিন দরিদ্র মানুষেরা সেইভাবের টাকার অভাবে চিকিৎসা করাতে পারতেননা।বাড়ির উৎপাদিত ফসলের উপর ভিত্তি করেই তারা জীবনজিবীকা নির্বাহ করতেন।নগদ অর্থ বেশিরভাগ সময় তাদের হাতে থাকত না।আর হয়তো সেই কারনেই তারা বাড়ির উৎপাদিত ফসলের বিনিময়ে বসন্ত দেবতার ভোগের সামগ্রী খই,মুড়কি ও নাড়ু দোকানিদের কাছ থেকে জোগাড় করে নিতেন।ফাল্গুনের ওই সংক্রান্তি তিথিতে বসন্ত দেবতার উদ্দেশ্যে পুজো অর্চনা করলে চর্মরোগের হাত থেকে রেহাই মিলবে প্রাচীন এই বিশ্বাস তাদের অনেকের মধ্যেই ছিল।শিহিপুরের ওই মেলাকে কেন্দ্র করে দুর দুরান্ত থেকে ভক্তরা ভোগ নিবেদনে সামিল হন।

## উপাচার্য নিয়োগের দাবিতে অবস্থান বিক্ষোভ করলো সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধু সমিতি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় শাখার সদস্যরা

**শিলিগুড়ি ঃ** উপাচার্য নিযোগের দাবিতে অবস্থান বিক্ষোভ করলো সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধু সমিতি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় শাখার সদস্যরা।এদিন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে বসে বিক্ষোভ করেন সংগঠনের সদস্যরা। অভিযোগ, এক সপ্তাহ ধরে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়ে উপাচার্য ও অর্থ আধিকারিক নেই। সঙ্গে আবাসিক পড়ুয়ারা ভাত পাচ্ছে না।কর্মীরা বেতন পাচ্ছেন না। বিশ্ববিদ্যালয়ের জরুরি কাজের ক্ষেত্রে সমস্যা হচ্ছে।শীঘ্রই উপাচার্য নিযোগের দাবি জানান তারা এদিন সংগঠনের মুখপাত্র জানান, ইতিমধ্যে রাজ্য নেতৃত্বকে জানানো হয়েছে এবং আগামী দিনে রাজভবনে জানানো হবে।

## ভবঘুরের মৃতদেহ উদ্ধারে চাঞ্চল্য রাজগঞ্জে

**শিলিগুড়ি ঃ** বৃহস্পতিবার সাতসকালে এক ভবঘুরের মৃতদেহ উদ্ধারে চাঞ্চল্য রাজগঞ্জের ভুটকি হাট এলাকায়।এদিন সকালে রাজগঞ্জের ভুটকি হাট সংলগ্ন শিলিগুড়ি জলপাইগুড়ি ৩১ নং জাতীয় সড়কের ধারে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। খবর দেওয়া হয় রাজগঞ্জ থানায়। অবশেষে রাজগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায়। স্থানীয় এক ব্যক্তি শুভঙ্কর দত্ত জানান বেশ কয়েকদিন ধরে তিনি এই এলাকায় ঘোরাফেরা করছিলেন। তার বাড়ির শিলিগুড়ির মহাকাল পল্লী এলাকায় বলে জানা গিয়েছে। গতকাল তিনি শারীরিক অসুস্থতা বোধ করছিলেন সন্ধের পর বৃষ্টিতে ভিজে আরো অসুস্থ্য হয়ে পড়ে সে।সে কারণেই তার মৃত্যু হয়েছে বলে অনুমান করছেন স্থানীয়রা।ঘটনার তদন্ত শুরু করেছে রাজগঞ্জ থানার পুলিশ

## বেহাল নিকাশি ব্যবস্থা, সড়কে মাছ ধরে প্রতিবাদ ডি ওয়াই এফ আই এর

**আলিপুরদুয়ার ঃ** জয়গাঁ সড়কে জমা জলে বৃহস্পতিবার মাছ ধরে প্রতিকি বিক্ষোভ দেখালো ডি ওয়াই এফ আই এর সদস্যরা। অল্প বৃষ্টিতে জয়গাঁ প্রধান সড়কে বিভিন্ন জায়গায় পুকুরের রূপ নেয়। বেহাল নিকাশি ব্যবস্থা দরুণ এই সমস্যা পোহাতে হয় জয়গাঁ বাসীকে। দীর্ঘদিন ধরে এই সমস্যা হচ্ছে। বৃহস্পতিবার ডি ওয়াই এফ আই সদস্যরা জয়গাঁ সড়কে জমা জলে ছিপ ফেলে মাছ ধরে প্রতিকি বিক্ষোভ দেখায় ।

## আজকের দিনটি



**মেষ ঃ** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।

**বৃষ ঃ** প্রেমি-প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।

**মিথুন ঃ** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।

**কর্ক ঃ** মান-সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ঠ গ্রহের শান্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।

**সিংহ ঃ** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমণের যোগ। পরিবারে কিঞ্চিত অশান্তি।

**কন্যা ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**বৃশ্চিক ঃ** লম্বিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক ।

**তুলা ঃ** সন্তানের শারিরিক অবনতি। মা-বাবার সন্তান সুখ লাভ। গৃহ-ভূমি কেনার সম্ভাবনা।

**ধনু ঃ** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্বোধন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।

**মকর ঃ** পরিশ্রমদ্বারাই জীবনযাপন সুষ্ঠ ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা ।

**কুম্ভ ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**মীন ঃ** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাস্থ্যের দিকে লক্ষ রাখুন।

**তান্ত্রিক অশোক স্বামী**



[illegible]

## সম্পাদকীয়

# পুতিনের সাথে আলোচনা করতে মস্কোতে শি জিনপিং

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং তিন দিনের রাষ্ট্রীয় সফরে সোমবার মস্কোয় পৌঁছেছেন। রাশিয়ার নেতা ভ্লাদিমির পুতিনের বৈঠক করতে তিনি মস্কো সফর করছেন। বৈঠকের আলোচ্যসূচির মধ্যে রয়েছে ইউক্রেনে রাশিয়ার যুদ্ধ এবং চীনের শান্তি প্রস্তাব। গত মাসে চীন রাশিয়া ইউক্রেন যুদ্ধের অবসানের লক্ষ্যে একটি ১২ দফা পরিকল্পনা তৈরি করেছে। ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারিতে ইউক্রেনে রাশিয়ারর আক্রমন শুরু হয়। বেইজিং এর মধ্যস্থতায় এক চুক্তির আওতায় ইরান এবং সৌদি আরব সাত বছরের বৈরিতার পর কূটনৈতিক সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠা করতে যাচ্ছে বলে ঘোষণা দেয়। এর পর শি মস্কো সফরে গেলেন। এর মধ্য দিয়ে এই চীনা নেতার ক্রমবর্ধমান কূটনৈতিক উচ্চাকাঙ্খার প্রতিফণ ঘটে। ইয়েল ল স্কুলের পল সাই চায়না সেন্টারের ফেলো মরিটজ রুডলফ বলেছেন, চীন ইঙ্গিত দিচ্ছে যে, তারা ভবিষ্যতের শান্তি প্রক্রিয়ায় জড়িত হতে চায়। চীন বুঝাতে চাইছে যে পশ্চিমের সাথে পুতিনের বৈরিতার সম্পর্ক উচ্চমাত্রায় পৌঁছেছে এবং চীনের ওপর রাশিয়ার নির্ভরশীলতা আরো বেড়েছে।এমন পরিস্থিতিতে শি হতে পারেন শান্তির জন্য মধ্যস্থতা করার উপযুকক্ত মাধ্যম এ কথা বলেছেন গ্রান্ড স্ট্র্যাটেজি এট দ্য ইন্সটিটিউট ফর রেস্পন্সিবল স্টেটক্রাফট এর পরিচালক জর্জ বিবে। প্রতিষ্ঠানটি যুক্তরাষ্ট্রের আবেগহীন পররাষ্ট্র নীতি অবলম্বনের পক্ষে কথা বলে। গত বছর শীতকালীন অলিম্পিকের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন পুতিন। তখন শি'র সঙ্গে তার দেখা হয়।এছাড়া, গত সেপ্টেম্বরে উজবেকিস্তানে একটি আঞ্চলিক সম্মেলনে যোগ দিলে, শি এবং পুতিনের সর্বশেষ সাক্ষাৎ ঘটে। মস্কোতে পুতিনের সাথে চীনের প্রেসিডেন্টের বৈঠকের পর, ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেন্সকি ফোনে শি'র সঙ্গে কথা বলবেন। প্রায় এক বছর আগে রাশিয়া ইউক্রেন আক্রমণ করার পর, এটি হচ্ছে শি'র প্রথম মস্কো সফর। রয়টার্স জানিয়েছে, ইউক্রেন সংঘাত নিয়ে চীন প্রকাশ্যে নিরপেক্ষ অবস্থানে রয়েছে।তবে, রাশিয়ার বিরুদ্ধে আরোপিত পশ্চিমা নিষেধাজ্ঞার সমালোচনা করছে।



# বাহনের মালিকরা সাবধান ! বকেয়া কর পরিশোধের জন্য আগামী ৩১ মার্চ পর্যন্ত চূড়ান্ত সময়সীমা, অন্যথা ব্ল্যাকলিস্টের তালিকায় অন্তর্ভুক্তের সম্ভাবনা ঃ ১৮০ কোটি টাকা বকেয়া



সব্যসাচী শর্মা
প্রাবন্ধিক

বাহনের বকেয়া কর পরিশোধ করার জন্য চূড়ান্ত সময়সীমা বেঁধে দিল পরিবহন বিভাগ। আগামী ৩১ মার্চের মধ্যে এই কর পরিশোধ করা না হলে সেই বাহন ব্ল্যাকলিস্টেড হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য বিভিন্ন বাহনের নামে বর্তমান কর হিসাবে মোট ১৮০ কোটি টাকা বকেয়া রয়েছে।

প্রসঙ্গত কোভিড মহামারীর সময় বাহনের কর পরিশোধের ক্ষেত্রে ছাড় দিয়েছিল পরিবহন বিভাগ। ফলে ২০১৮ সাল থেকে এখনো বহু বাহনের ক্ষেত্রে কর বকে রয়েছে। এই তালিকায় ব্যক্তিগত মালিকাধীন গাড়ি ছাড়াও বিভিন্ন সরকারি বিভাগের বাহনও রয়েছে। রাজ্যের মীন বিভাগ, শক্তি বিভাগ, তফসিল উপজাতি কল্যাণ বিভাগ ইত্যাদি ছাড়াও কেন্দ্রীয় সরকারের বিএসএনএল এর ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারের বাহনের বকেয়া কর রয়েছে। প্রাপ্ত তথ্য অনুসারে কর বকেয়া থাকা বাহন জব্দ করা হবে। তাছাড়া ১০ হাজার টাকা পর্যন্ত জরিমানা পরিবহন বিভাগকে আদায় দিতে হবে। তাছাড়া মেয়াদ পার হয়ে যাওয়া বাহনের নথিপত্র ফিটনেস প্রমাণপত্র ড্রাইভিং লাইসেন্স রিনিউ না করলেও পরিবহন বিভাগের শাস্তির সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। ব্যক্তিগত বাহন ক্রয় করা ব্যক্তিরা পাঁচ বছর পর্যন্ত সড়ক কর পরিশোধ করতে হবে। ফলে ৩১ মার্চ পর্যন্ত যাবতীয় কর পরিশোধ না করলে পরিবহন বিভাগের খপ্পরে পড়লে বিপদের সম্মুখীন হতে পারেন গাড়ির মালিকরা। ফলে সাবধান।




# ইউক্রেনকে যৌথভাবে গোলাবারুদ দিতে চলেছে ইইউ

ইউরোপীয় ইউনিয়ন যৌথভাবে ইউক্রেনকে গোলাবারুদ সরবরাহের উদ্যোগ চূড়ান্ত করছে। চীনা প্রেসিডেন্টের রাশিয়া সফরের সময় পশ্চিমা বিশ্ব ইউক্রেনের প্রতি আরও জোরালো সংহতি দেখাচ্ছে।

রাশিয়ার হামলা মোকাবিলা করতে ইউক্রেনের সামরিক সরঞ্জাম, অস্ত্রও গোলাবারুদের লাগাতার চাহিদা ও দাবি মেটাতে মিত্র দেশগুলি হিমসিম খাচ্ছে। কিছু ক্ষেত্রে নীতিগত দ্বন্দ্ব কাজ করলেও বাকিগুলির ক্ষেত্রে উৎপাদন, সরবরাহ ও অর্থায়নের সমস্যা দেখা দিচ্ছে। সেই সমস্যা কিছুটা হলেও দূর করতে ইউরোপীয় ইউনিয়ন ২০০ কোটি ইউরো অংকের যৌথ তহবিল গড়ে ইউক্রেনের জন্য গোলাবারুদ কেনা ও সরবরাহের উদ্যোগ নিচ্ছে। রোববার রাষ্ট্রদূতেরা সেই পরিকল্পনার রূপরেখা প্রস্তুত করার পর সোমবার ২৭ সদস্যের রাষ্ট্রজোটের পররাষ্ট্র ও প্রতিরক্ষামন্ত্রীরা ব্রাসেলসে মিলিত হয়ে সেই সিদ্ধান্ত চূড়ান্ত করতে চলেছেন।

রাশিয়ার সেনাবাহিনীর মোকাবিলা করতে মাসে সাড়ে তিন লাখ গোলাবারুদের প্রয়োজন বলে ইউক্রেন ইইউ কে জানিয়েছে। বর্তমানে সেই ক্ষমতা সীমিত থাকায় সে দেশকে ভেবেচিন্তে গোলাবারুদ ব্যবহার করতে হচ্ছে। তাছাড়া হারানো জমি ফিরে পেতে পালটা অভিযানের প্রস্তুতির ক্ষেত্রেও সমস্যা হচ্ছে। সেই ডাকে সাড়া দিয়ে ইইউ সবার আগে সদস্য দেশগুলির নিজস্ব গোলাবারুদের ভাণ্ডার থেকে যতটা সম্ভব ইউক্রেনকে দ্রুত সরবরাহ করতে চায়। সেইসঙ্গে উৎপাদন বাড়ানোর লক্ষ্যে প্রতিরক্ষা শিল্পখাতকে নানাভাবে উৎসাহ দেবার পরিকল্পনাও করছেন সংশ্লিষ্ট মন্ত্রীরা। যৌথভাবে কামানের গোলার অর্ডার দিয়ে সরাসরি উৎপাদন বাড়ানোর পদক্ষেপও নিচ্ছেন তারা। উল্লেখ্য এর আগে ইউরোপীয় ইউনিয়ন কখনো এমন মাত্রায় যৌথভাবে প্রতিরক্ষা সরঞ্জাম কেনে নি।

এদিকে ইউরোপ তথা পশ্চিমা বিশ্ব ইউক্রেনের প্রতি সংহতি দেখিয়ে চললেও রাশিয়া মোটেই পুরোপুরি কোণঠাসা হয়ে পড়ছে না। সোমবার চীনের প্রেসিডেঃট শি জিনপিং মস্কো সফরে গিয়ে রুশ প্রেসিডেঃট ভ্লাদিমির পুটিনের পাশে দাঁড়াচ্ছেন। পুটিনের বিরুদ্ধে আন্তর্জাতিক ফৌজদারি আদালত সমন জারি করার পর প্রথম রাষ্ট্রনেতা হিসেবে শি তার করমর্দন করবেন। সফরের প্রাক্কালে চীনের প্রেসিডেঃট এক লেখনিতে ইউক্রেনের জন্য শান্তি পরিকল্পনার উল্লেখ করেছেন। তবে তিনি স্বীকার করেন যে সমাধানসূত্র মোটেই সহজ হবে না। পুটিনও এক চীনা সংবাদপত্রে শি জিংপিং কে 'পুরানো ভালো বন্ধু' হিসেবে উল্লেখ করে চীনের মধ্যস্থতার উদ্যোগকে স্বাগত জানান। তবে প্রকাশ্যে ইউক্রেনের উপর রাশিয়ার হামলার নিন্দা না করায় অ্যামেরিকা তথা পশ্চিমা বিশ্ব চীনের মতলব সম্পর্কে গভীর সংশয় প্রকাশ করে আসছে। নিষেধাজ্ঞার বদলে চীন যেভাবে রাশিয়ার সহায়তা করে আসছে, তার আলোকে ইউক্রেন সংকটে বেইজিং নিরপেক্ষ মধ্যস্থতাকারী হতে পারে না বলে ধারণা চালু আছে।

ইউক্রেনের পশ্চিমে বাখমুত শহরে রাশিয়ার সঙ্গে লাগাতার সংঘর্ষ চালু আছে। গোটা যুদ্ধজুড়ে অন্য কোনো জায়গায় দুই পক্ষের সংঘাত এমন মারাত্মক আকার ধারণ করে নি। রাশিয়ার পক্ষে সেই সংঘাতের নেতৃত্ব দিচ্ছে ভাড়াটে ভাগনার বাহিনী। ব্যাপক ক্ষয়ক্ষতি ও প্রাণহানির ফলে সেই গোষ্ঠী মে মাসের মধ্যে বাড়তি ৩০,০০০ যোদ্ধা নিয়োগের পরিকল্পনার কথা জানিয়েছে। ইউক্রেনের সেনাবাহিনীর সূত্র অনুযায়ী ভাগনার গ্রুপের প্রায় ৩০ হাজার সদস্য হয় হতাহত হয়েছে বা পালিয়ে গেছে।



# মহারাজের যুদ্ধ ক্ষুধা ও বিপন্ন দক্ষিণ প্রশান্ত মহাসাগর

জাপানের পররাষ্ট্রমন্ত্রী ইয়োশিমাসা হায়াশি এখন দক্ষিণ প্রশান্ত মহাসাগর অঞ্চল সফর করছেন। শনিবার থেকে শুরু হওয়া পাঁচ দিনের সফরে ভিন্ন যে দুই গন্তব্যে তিনি যাচ্ছেন তা হলো সলোমন দ্বীপপুঞ্জ এবং কুক আইল্যান্ড। দুটি দেশই হচ্ছে ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্র, জনসংখ্যার হিসাবও সেখানে একেবারেই সামান্য। ১৫টি দ্বীপ নিয়ে গঠিত কুক আইল্যান্ডে ২০ হাজারের সামান্য বেশি সংখ্যক মানুষের বসবাস। অন্যদিকে আয়তনে কিছুটা বড় সলোমন দ্বীপপুঞ্জের জনসংখ্যা হচ্ছে সাত লাখের একটু বেশি। ভূখণ্ড গত বিস্তৃতির দিক থেকে সলোমন দ্বীপপুঞ্জের আছে ছয়টি প্রধান দ্বীপ ছাড়াও ৯০০ টির বেশি ক্ষুদ্র দ্বীপ। দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডের প্রভাব বলয়ে থাকা দেশ দুটি ইদানীং আন্তর্জাতিক রাজনীতিতে নিজের পথ বেছে নেওয়ার পাঁয়তারা শুরু করার পর থেকে কীভাবে এদের সেই পথ থেকে সরিয়ে আনা যায়, তা নিয়ে বলা যায় আঞ্চলিকভাবে প্রভাবশালী দেশগুলোর ঘুম যেন হারাম হয়ে গেছে। এটা এ কারণে আরও বেশি হচ্ছে যে চীন সেখানে ধীরে হলেও নিজস্ব পদ চিহ্ন রাখতে শুরু করেছে। ফলে জাপানের পররাষ্ট্রমন্ত্রীর সফরকে সেরকম অবস্থান থেকে দেখা যেতে পারে, কেননা জাপানও হচ্ছে যুক্তরাষ্ট্রের সঙ্গে ঘনিষ্ঠ নিরাপত্তা মৈত্রী বজায় রাখার বাইরে বৃহত্তর বলয়ে সেই অঞ্চলের প্রভাবশালী একটি দেশ।

ফলে ধারণা করা যায় যে পূর্ব এবং দক্ষিণ-পূর্ব এশিয়া ও এর বাইরে ওশেনিয়া অঞ্চল জুড়ে বিস্তৃত একটি সামরিক বলয় গড়ে নিয়ে বিশ্বকে নিয়ন্ত্রণের লক্ষ্য যুক্তরাষ্ট্র নিশ্চিত ভাবেই ধরে নিয়েছে। আর এ কারণেই প্রতিদ্বন্দ্বী হিসাবে দেখা যে কোনো দেশের সেই অঞ্চলে উপস্থিতি যুক্তরাষ্ট্র ও মিত্রদের সন্দেহ এবং ঘৃণা অনেকটা বাড়িয়ে দেয়, চীনকে ঘিরে পশ্চিমের যে প্রবণতা আমরা এখন লক্ষ্য করছি। বর্তমান বিশ্বের মুকুট হীন স্বঘোষিত মহারাজের এই যুদ্ধ ক্ষুধার কল্যাণে দক্ষিণ প্রশান্ত মহাসাগর অঞ্চল তাই অন্য দিকে অজান্তেই হয়ে উঠছে বিধ্বংসী সব সর্বাধুনিক মারণাস্ত্রের বিশাল এক মজুত, যুদ্ধ খেলার মৃত্যু ফাঁদে যা কিনা আটকে ফেলছে পুরো সেই অঞ্চলকে।

চীনের সেখানে উপস্থিত হওয়াকে জাপান তাই নিজের জন্য কিছুটা হলেও বিব্রতকর হিসাবে দেখছে। অনেকটা যেন এ কারণেই সলোমন দ্বীপপুঞ্জে পৌঁছাবার পর পররাষ্ট্রমন্ত্রী হায়াশি দেশটি নিয়ে জাপানের উদ্বেগ খোলামেলাভাবেই প্রকাশ করেছেন। পররাষ্ট্রমন্ত্রীর সলোমন দ্বীপপুঞ্জে অবস্থান করা অবস্থায় জাপানের পক্ষ থেকে জানানো হয় যে গত বছর চীনের সঙ্গে দেশটির স্বাক্ষরিত নিরাপত্তা চুক্তির ওপর ঘনিষ্ঠ নজর জাপান রাখছে এবং টোকিও আশঙ্কা করছে সেই ভূখণ্ডে চীনের সামরিক উপস্থিতির সুযোগ চুক্তি করে দিতে পারে। জাপানের পররাষ্ট্রমন্ত্রী সলোমন রাজধানী হোনিয়ারায় সলোমন দ্বীপপুঞ্জের প্রধানমন্ত্রী মানাসসে সোগাভারের সঙ্গে সাক্ষাৎ করে টোকিওর সেই উদ্বেগ সম্পর্কে পরোক্ষ ইঙ্গিত প্রদানের মধ্যে দিয়ে নিরপেক্ষ অবস্থান বজায় রেখে দ্বীপ দেশটি কীভাবে টেকসই উন্নয়নের পথে এগিয়ে যেতে পারে, সে বিষয়ে জাপানের দৃষ্টিভঙ্গির ব্যাখ্যা দিয়েছেন। প্রধানমন্ত্রী সোগাভেরা অবশ্য উত্তরে উল্লেখ করেন যে অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতাকে তিনি সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করেন। এর আগে সলোমন দ্বীপপুঞ্জের পররাষ্ট্রমন্ত্রী জেরেমিয়া মানেলের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে সমুদ্র নিরাপত্তার মতো ক্ষেত্রগুলোতে সহায়তা প্রদানে জাপানের প্রস্তুত থাকার উল্লেখ হায়াশি করেছেন।

সলোমন দ্বীপপুঞ্জ এবং দক্ষিণ প্রশান্ত মহাসাগরের ক্ষুদ্র দ্বীপ দেশগুলোকে নিয়ে যুক্তরাষ্ট্র ও মিত্রদের উদ্বেগের শুরু চীনের সেই অঞ্চলে উপস্থিত হওয়ার পর থেকে। অঞ্চলের দেশগুলোর অধিকাংশই এর আগে তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রেখে চীনের সঙ্গে সরাসরি যোগাযোগ এড়িয়ে চলছিল। তবে গত এক দশকে চীন সেখানে কিছুটা আগ্রাসী কূটনৈতিক ও অর্থনৈতিক তৎপরতা চালিয়ে এদের অনেককেই নিজ দলে ভিড়িয়ে নিলে তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক এরা ছিন্ন করতে শুরু করে।

সলোমন দ্বীপপুঞ্জ যেমন ২০১৯ সালে চীনের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক গড়ে নিয়ে এবং তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে আগের অবস্থান বদল করে নিয়েছে। গত বছর এপ্রিল মাসে চীনের সঙ্গে সলোমন দ্বীপপুঞ্জের স্বাক্ষরিত নিরাপত্তা চুক্তি হচ্ছে সেই ধারাবাহিকতার অংশ, অঞ্চলের দেশগুলোকে নিয়ে পশ্চিমের জোটের মধ্যে দেখা দেওয়া সন্দেহ যা আরও বাড়িয়ে দিচ্ছে। এদের আবারও দলছুট করে নিয়ে নিজের কাতারে নিয়ে আসার নানারকম পাঁয়তারাও তাই অঞ্চল জুড়ে ইতিমধ্যে এরা শুরু করে দিয়েছে এবং জাপানের পররাষ্ট্রমন্ত্রীর সফরকে সেই প্রচেষ্টার অংশ হিসেবে দেখা যেতে পারে। চীনের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির বিস্তারিত বিষয়াবলি প্রকাশ না করা হলেও পশ্চিমের সংবাদমাধ্যম ইতিমধ্যে উল্লেখ করেছে যে ফাঁস হয়ে যাওয়া কিছু তথ্য ইঙ্গিত দিচ্ছে যে সলোমন দ্বীপপুঞ্জে চীন পুলিশ ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের মোতায়েন করতে পারে। বেইজিং এবং হোনিয়ারা উভয়েই অবশ্য সেরকম সম্ভাবনাকে ভিত্তিহীন বলে বাতিল করে দিয়েছে। চুক্তিতে চীনের জাহাজের দ্বীপ রাষ্ট্রের বন্দরে নোঙর করার অনুমতি দেওয়ার বিষয়টি অবশ্য কোনো পক্ষ থেকেই অস্বীকার করা হয়নি এবং পশ্চিম এটাকেই চীনের সামরিক উপস্থিতির পথ করে দেওয়ার প্রমাণ হিসাবে তুলে ধরছে। প্রশ্ন হচ্ছে দক্ষিণ প্রশান্ত মহাসাগরের ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রগুলোকে নিয়ে কেন যুক্তরাষ্ট্র ও মিত্রদের এই উদ্বেগ? প্রশ্নের উত্তর খুঁজে পেতে হলে অঞ্চল জুড়ে পশ্চিমের দেশ, বিশেষ করে যুক্তরাষ্ট্রের নিজস্ব সামরিক উপস্থিতির দিকে মনে হয় দৃষ্টি ফেরানো দরকার। বিশ্ব মানচিত্রের নিচের দিকে চোখ মেলে তাকালে দেখা যায় এন্টারটিকার ওপরে বিশাল এক অঞ্চল জুড়ে শক্ত যে সব সামরিক অবস্থান যুক্তরাষ্ট্র গড়ে নিয়েছে তার বিস্তৃতি ভারত মহাসাগরের দিয়েগো গার্সিয়া দ্বীপ থেকে শুরু করে পূর্ব দিক বরাবর অস্ট্রেলিয়া হয়ে দক্ষিণ প্রশান্ত মহাসাগরের বিভিন্ন দ্বীপ রাষ্ট্র জুড়ে বিস্তৃত। ওয়াশিংটন বিশাল সেই অঞ্চলকে দৃশ্যত নিজের খাস তালুক হিসাবে গণ্য করে এবং অন্য কারও সেখানে প্রবেশ মার্কিন প্রশাসন কোনো অবস্থাতেই মেনে নিতে নারাজ।

## সাময়িকী

# পরিবর্তিত আবহে জার্মান চ্যান্সেলরের জাপান সফর



নিনা হাসে
কলামিস্ট

চ্যান্সেলর হিসেবে তার প্রথম এশিয়া সফরেও জাপানে গিয়েছিলেন ওলাফ শলৎস। তবে মন্ত্রিপরিষদ সদস্য এবং শীর্ষ ব্যবসায়ীদের বিশাল দল নিয়ে শলৎসের এই টোকিও সফরের তাৎপর্য অনেক আলাদা।

১১ মাস আগে, অর্থাৎ ২০২২ সালের এপ্রিলে জার্মানির নতুন চ্যান্সেলরের টোকিও সফরটির মূল উদ্দেশ্য ছিল দুই দেশের সম্পর্কোন্নয়ন। তবে এবারের সফরে তার চেয়ে এগিয়ে গিয়ে রাখছে উন্নত সম্পর্ককে অনেক দূর এগিয়ে নেয়ার বার্তা। তাই সপ্তাহান্তে সাড়ে বারো ঘণ্টার বিরতিহীন বিমানযাত্রায় কেন্দ্রীয় অর্থনীতি এবং জলবায়ু বিষয়ক মন্ত্রী রবার্ট হাবেক, প্রতিরক্ষামন্ত্রী বরিস পিস্টোরিয়াস, ডিজিটাল ও পরিবহণমন্ত্রী ফল্কার ভিসিং, অর্থমন্ত্রী ক্রিস্টিয়ান লিন্ডনার, স্বরাষ্ট্রমন্ত্রী ন্যান্সি ফেজা এবং পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেয়ারবককে সঙ্গে রেখেছেন শলৎস।


শনিবার সন্ধ্যায় জার্মানির চ্যান্সেলর ও তার মন্ত্রিপরিষদের সদস্যরা যখন হানেদা বিমানবন্দরে নামেন, টোকিওয় তখন ঝুম বৃষ্টি। বিমান থেকে নামতেই শলৎস ও তার সফরসঙ্গীদের জার্মানির পতাকার রঙের ছাতা মাথায় তুলে দিয়ে স্বাগত জানানো হয়।

জার্মানির আগের দুই চ্যান্সেলর গেরহার্ড শ্রোয়েডার এবং আঙ্গেলা ম্যার্কেলের সরকারের পররাষ্ট্রনীতিতে এশিয়ায় সর্বোচ্চ গুরুত্ব পেয়েছে চীন। ধারণা করা হচ্ছে, শলৎস সরকার চীনের দিক থেকে নজর ধীরে ধীরে জাপানের দিকে সরাবেন। সাম্প্রতিক সময় তেমন ইঙ্গিতই রাখছে। বিশেষ করে ইউক্রেনে হামলার কারণে জাপান রাশিয়ার নিন্দা করার পর থেকে বার্লিন টোকিওর দূরত্ব দ্রুতই কমছে। ইউক্রেন যুদ্ধ ইউরোপের মতো জাপানের সামনেও আশঙ্কার আঁধার ছড়িয়েছে। জাপান সরকার মনে করে, পুটিন ইউক্রেনে আগ্রাসন চালিয়ে পার পেয়ে গেলে রাশিয়ার মিত্র দেশ চীনও বেপরোয়া হয়ে উঠবে, তারাও ভবিষ্যতে এশিয়ায় 'কর্তৃত্ব' প্রতিষ্ঠা করতে চাইবে একইভাবে।

সেই আশঙ্কা থেকেই ইউক্রেন প্রশ্নে রাশিয়া এবং চীনের ঠিক বিপরীতে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে টোকিও, রাশিয়া ক্রাইমিয়া দখল করার সময় জাতিসংঘে নিন্দা প্রস্তাবে সমর্থন না জানালেও তাই ইউক্রেনে হামলার জন্য তীব্র নিন্দা জানিয়ে মস্কোর বিরাগভাজন হওয়ার ঝুঁকিও নিয়েছে জাপান।

ওলাফ শলৎস শনিবার টোকিও সফরের শুরুতেই জাপানের প্রধানমন্ত্রী কিসিদার সঙ্গে বৈঠকে বসেন। ৯০ মিনিটের রুদ্ধদার সেই বৈঠকের পর তিনি জানান, চলতি সফরের মাধ্যমে দুই দেশ জলবায়ু পরিবর্তন, জ্বালানি সংকট, খাদ্য নিরাপত্তা, সাইবারনিরাপত্তা, টেলিযোগ এবং ভূ রাজনৈতিক নিরাপত্তাসহ নানা বিষয়ে একসাথে কাজের সূচনা করবে।

রোববার সকালে জার্মান চ্যান্সেলর ও তার মন্ত্রিপরিষদ সদস্যদের জাপান সফর শেষ হয়। আগামী মে মাসে জি সেভেন শীর্ষ সম্মেলন হবে হিরোশিমায়। আশা করা হচ্ছে তখন আবার জাপানে যাবেন ওলাফ শলৎস।



## জানা অজানা

### কলহান বঙ্গ উৎসবে সম্মানিত করা হলো কবি,লেখক ও সমাজ সেবক সুনীল কুমার দে কে

গত ১৯ শে মার্চ বঙ্গ সমাজের এক ইতিহাসিক দিন ছিলো জামশেদপুরের গোপাল ময়দানে যেখানে বাংলা ভাষা ও সংস্কৃতির নামে একত্রিত হয়েছিল কলহানের লক্ষাধিক মানুষ।অনুষ্ঠান শুরু হয়েছিলো সকাল ১০ টায় ও শেষ হলো রাত ১০ টায়।বাংলা ভাষা ও সংস্কৃতি নিয়ে আলোচনা, বিভিন্ন জেলার নাচ গান ও সাংস্কৃতিক কার্য্যক্রম ও বিভিন্ন খ্যাতনামা শিল্পীদের গান ও অনুষ্ঠান।এই বঙ্গ উৎসবের একটি মহত্ব পূর্ণ অনুষ্ঠান ছিল গুণী মানুষদের সম্মান তাদের বিভিন্ন ক্ষেত্রে যোগদানের করার জন্য।এই গুণীজনের সম্বর্ধনার মধ্যে পটকার গ্রামের মানুষ কবি,লেখক ও সমাজ সেবক সুনীল কুমার দে ও ছিলেন একজন।তাঁকে দীর্ঘদিন ধরে বাংলা ভাষার প্রচার প্রসার,সাহিত্য সৃজন ও সমাজ সেবার বিভিন্ন কাজ করার জন্য বঙ্গ উৎসব সমিতি জামশেদপুর দ্বারা সম্মানিত করা হলো পুস্প স্তবক,শাল ও স্মৃতি চিন্হ দিয়ে।এই সম্মান দেওয়ার জন্য বঙ্গ উৎসব সমিতি কে মাতাজী আশ্রম পরিবার ধন্যবাদ জানিয়েছেন। তার সাথে সাথে পটকার বিশিষ্ঠ গুণীজন ও মাতাজী আশ্রমের ভক্তগন সুনীল কুমার দে কে অভিনন্দন জানিয়েছেন তাঁদের মধ্যে পূর্ব বিধায়ক মেনকা সরদার,জিলা পরিষদ সুরজ মণ্ডল,মুখিয়া সুখলাল সরদার,মুখিয়া দেবী ভূমিজ, পূর্ব জিলা পরিষদ করুণাময় মণ্ডল,পল্টু মণ্ডল, আনন্দ দাস,কমল কান্তি ঘোষ, মোহিতোষ মণ্ডল,ভবতরণ মণ্ডল, আশিস মণ্ডল,উজ্বল মণ্ডল,তপন মণ্ডল,মৃনাল পাল, সঞ্জয় সাহু,ভানু রানা, বিদ্যুৎ পাল,চন্দনা পাল, রাকেশ মিশ্রা, অনুপ গুপ্তা, দুলাল মুখার্জি,সন্তোষ মণ্ডল, সহদেব মণ্ডল,বলরাম গোপ,মোহিতোষ গোপ,ব্রহ্ম পদ মরল, কৃষ্ণ পদ মণ্ডল,রাজকুমার সাহু,বীরেন মণ্ডল,অরুন মাহাতো,লোচনা মণ্ডল,কাজল মণ্ডল,বেলারানী মণ্ডল,রিতা মণ্ডল,রিনা মণ্ডল,দিলীপ মণ্ডল,মুকুল মণ্ডল, সনাতন মাহাতো,বীথিকা মণ্ডল,রঞ্জনা সাহু আরো অনেকেই।

## পাঠকের চিঠি

### ৪২ মেয়েদের সিংহভাগই ঘরকন্নায় কাজে যুক্ত

৮ই মার্চ বিশ্বজুড়ে নারী দিবস পালন হলো। আমাদের দেশে আজও অধিকাংশ নারী বিবাহের আগে পিতার বিবাহের পরে স্বামীর উপর নির্ভরশীল। দেশের প্রতিটি নারী যদি শিক্ষিত ও স্বনির্ভর হয় তাহলে দেশ এগিয়ে যায় এবং নারীদের পর নির্ভরতা কমে। কিন্তু আমাদের দেশের অধিকাংশ নারী বয়স ১৫ বছর থেকে ২৪ বছরের মধ্যে পড়াশোনা বন্ধ, তার বদলে কোন হাতের কাজ শেখা বা অন্য কোন প্রশিক্ষণ নেওয়া চলছে এমনও নয়। কোন কাজকর্ম বা ব্যক্তিগত রোজগার করছে না। পশ্চিমবঙ্গের কিশোর, তরুণী, যুবতীদের মধ্যে প্রায় অর্ধেক মেয়েই এই শ্রেণীভুক্ত যারা বাড়ির কাজকর্ম করে দিন কাটিয়ে দিচ্ছে। নারী দিবসের প্রাক্কালে প্রকাশিত কেন্দ্রীয় সরকারের এই সমীক্ষায় দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের পড়াশোনা প্রশিক্ষণ রোজগার ও অন্য কিছুর মধ্যে না থাকা ১৫ থেকে ২৪ বছর বয়সে মেয়েদের হার অধিকাংশের রাজ্যের তুলনায় বেশি। কোভিডের ধাক্কায় রোজকার কমে যাওয়া ও দীর্ঘদিন স্কুল বন্ধ থাকায় ওই সময় অনেক ছেলেমেয়ে পড়াশোনা ছেড়ে দিয়েছে। যার প্রতিফলন দেখা দিয়েছে এ বছরের মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা কমে যাওয়া। অর্থনীতিবিদদের আশঙ্কা এর মধ্যে কন্যাশ্রী প্রকল্প ১৮ বছর বয়সে টাকা মেলায় অনেক মেয়েরই কম বয়সে বিয়ে দিয়ে দেওয়া হচ্ছে। গত বছর একটা পরিসংখ্যাই দেখা যাচ্ছে গোটা দেশের মধ্যে অল্প বয়সে বিয়ে হওয়া মেয়েদের হার পশ্চিমবঙ্গের সব থেকে বেশি। রাজ্যের ১০০ জনের মধ্যে ৪৫ জনের বেশি মেয়ের একুশে পড়ার আগেই বিয়ে হয়ে যায়। একটি সমীক্ষার রিপোর্ট বলছে গোটা দেশের ১৫ থেকে ২৪ বছর বয়সী ছেলেমেয়েদের ২৯ শতাংশ কোনরকম পড়াশোনা কাজকর্ম প্রশিক্ষণের সঙ্গে যুক্ত নয়। তারা স্রেফ বেকার হয়ে বসে আছে। এরমধ্যে ছেলেদের হার ১৬ মেয়েদের হার ৪৩ পশ্চিমবঙ্গের এই ধরনের মেয়েদের মেয়েদের হার ৪৯। যার অর্থ, এই বয়সের কার্যত অর্ধেক মেয়ে কিছু কাজ না করে বসে রয়েছে। সংখ্যাটা গ্রামে আরো বেশি ৫২ শহরে ৪২ মেয়েদের সিংহভাগই ঘরকন্নায় কাজে যুক্ত। করোনার সময় পড়াশোনা ছেড়ে দেওয়ার হার হু হু করে বেড়েছে। মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২ লক্ষ কমেছে। এই লক্ষণ মোটেই ভালো নয়। ছেলেদের মধ্যে অনেকেই অন্য রাজ্যে শ্রমিকের কাজ পেয়ে পড়াশোনা ছেড়ে চলে যাচ্ছে। মেয়েদের ক্ষেত্রে অনেকেই তাদের অভিভাবকরা পড়াশোনা থেকে ছাড়িয়ে দিয়ে বিয়ে দিয়ে দিচ্ছেন। যা মোটেই শুভ লক্ষণ নয়। ছেলে মেয়েরা যাতে পড়াশোনা না থাকে সে বিষয়ে সরকারের তরফ থেকে ছেলে মেয়েরা যাতে পড়াশোনা না ছাড়ে এবং অল্প বয়সী ছেলে মেয়েদের বিয়ে যাতে না দেওয়া হয় সে বিষয়ে সরকারের তরফ থেকে সচেতন বৃদ্ধি করতে হবে। কম বয়সে বিয়ে দেওয়ার প্রবণতা কমাতে হবে কম বয়সে ছেলে মেয়েদের বিয়ে দিলে কি কি ক্ষতি হয় সে বিষয়ে মানুষকে অবহিত করতে হবে। তার জন্য রাজ্য সরকারের তরফ থেকে ব্যাপক হারে পঞ্চায়েত স্তর থেকে সচেতনতা বৃদ্ধি করতে হবে মানুষের মধ্যে।

**জগন্নাথ দত্ত, সিউড়ি, রবীন্দ্র পল্লী, বীরভূম**

স্বত্বাধিকারী, মুদ্রক, প্রকাশক, সম্পাদক ঃ রজত কুমার গুপ্তা, দ্বারা এচ.আই. ২৫৪, হরমু হাউসিং কলোনী, রাঁচি-৮৩৪০০২ থেকে প্রকাশিত এবং বৃন্দা মিডিয়া পাবলিকেশন প্রা.লি. চিরৌদী, বোড়েয়া রোড রাঁচি থেকে মুদ্রিত। নির্বাহী সম্পাদক ঃ আদিত্য কুমার চ্যাটার্জ্জী* ফোন ঃ ০৬৫১২২৪৪৬০৫, ফৈক্স ঃ ০৬৫১২২৪৪৫০৫ (*পীআরবী অধিনিয়ম অনুযায়ী খবরের চয়নের জন্য উত্তরদায়ী)
Printed, Published & Edited by Rajat Kumar Gupta and printed at Vrinda Media publication pvt.ltd, Chiraundi, Boraiya Road, Ranchi, Published at HI 254, Harmu Housing Colony, Harmu Road, Ranchi-834001, Jharkhand, : Executive Editor :Aditya Kumar Chatterjee * Phone : 0651-2244555, 0651-2244505 (*Responsible for news as per PRB Act) RNI Registration : JHABEN 00015 email-rashtriyokhobor@gmail.com www.rashtriyakhabar.com

# সরহুল, রাম নবমী ও রমজানের জন্য শান্তি কমিটির বৈঠকের আয়োজন

**সুধীর গোরাই**

**জামশেদপুর** ঃ সারায়কেলা খারসানা জেলার নিমডিহ থানা চত্বরে সরহুল, রাম নবমী ও রমজান উৎসবের জন্য শান্তি কমিটির একটি সভার আয়োজন করা হল। নিমডিহ থানার ওসি অমিত কুমার গুপ্ত বলেন যে কোন প্রকার গুজব থেকে দূরে থাকুন। তিনি বলেন, নিমডিহ থানা এলাকা শান্তি ও সম্প্রীতির প্রতীক হিসেবে পরিচিত এ উৎসব জনপ্রতিনিধি ও জনসাধারণের সহযোগিতায় বজায় রাখতে হবে। তিনি বলেন, শান্তিপূর্ণভাবে উৎসব আয়োজেনে জনসাধারণের যা সহযোগিতা প্রয়োজন, পুলিশ প্রশাসন তা করতে প্রস্তুত রয়েছে। জেএমএম নেতা সহ কুকড়ু ব্লকের বিশ সূত্রী সভাপতি শক্তিপদ মাহাতো বলেন যে নিমডিহ ব্লক এলাকার বাসিন্দারা সমস্ত উৎসবে পারস্পরিক সৌহার্দ্য ও ভ্রাতৃত্বের উদাহরণ স্থাপন করেছে। বৈঠকে নিমডিহের প্রমুখ ফুলমনি মাঝি, সার্কেল অফিসার সঞ্জয় পান্ডে, উপ প্রমুখ শেফালি মাহাতো, ইনচার্জ মেডিক্যাল অফিসার ডাঃ কেসি মুন্ডা, আদারডিহের মুখিয়া সুভাষ সিং, হেবেনর মুখিয়া সুলোচনা দেবী, চিংরা পান্ডকিডিহের মুখিয়া দময়ন্তী সিং, বিজেপি নেত্রী অনিতা পারিত, বাড়েদার মুখিয়া বরুণ সিং , রঘুনাথপুর গ্রামের প্রধান বৈদ্যনাথ মাহাতো, শ্যামল পান্ডে, কুকড়ু বিশ সূত্রী সভাপতি শক্তিপদ মাহাতো, রাকিব সাই, করণ সিং, দুর্গা প্রসাদ মণ্ডল, জগর্নাথ গোরাই উপস্থিত ছিলেন।



# আমেরিকা ও ইতালির যুবতীরা নিমডিহের জামডিহ গ্রামে ছৌ নাচ শিখছে



**সুধীর গোরাই**

**জামশেদপুর** ঃ ছৌ নৃত্য হল ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ এবং ওড়িশার একটি জনপ্রিয় লোকশিল্প। ছৌ নৃত্য হল লোকসংগীত, ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র এবং নৃত্যের এক অপূর্ব সমন্বয়। ভারতের মাটি থেকে উদ্ভূত, ছৌ নাচ সীমান্তের ওপারের কয়েক ডজন দেশে ছড়িয়ে পড়ছে। ফ্রান্স, জার্মানি, ইতালি, মার্কিন যুক্তরাষ্ট্র, স্পেন, জাপান, চীন, যুগোস্লাভিয়া, সুইজারল্যান্ড, পোল্যান্ড, পর্তুগাল, অস্ট্রিয়া, রাশিয়া, ইংল্যান্ড, ইংেদানেশিয়া, দক্ষিণ কোরিয়া ইত্যাদি দেশে একটি জনপ্রিয় শিল্প হয়ে উঠেছে। প্রতি বছর এই দেশগুলো থেকে কয়েক ডজন শিল্পী ছৌ নাচ শিখতে সাত সমুদ্র পাড়ি দিয়ে ভারতে আসেন। মার্কিন যুক্তরাষ্ট্রের যুবতী সুফি, ইতালি থেকে যুবতী সোফিয়া এবং বোলপুরের কৃষ্ণ কলি মানভূম শৈলীর ছৌ নাচের প্রশিক্ষণ নিতে সেরায়কেলা খারসানার অধীনে নিমডিহ ব্লকের জামডিহ গ্রামে এসেছেন। আন্তর্জাতিক ছৌ নৃত্য শিল্পী সহ প্রশিক্ষক ওস্তাদ অধর কুমার এই শিল্পীদের নাচের সূক্ষ্মতা শেখাচ্ছেন। সুফি বলে যে ভারতীয় সংস্কৃতি আনন্দদায়ক। এখানে লোকশিল্প দর্শকদের বিনোদনের একটি শক্তিশালী মাধ্যম। সোফিয়া বলেন, ভারতীয় দর্শনে প্রভাবিত হয়ে তিনি ছৌ নাচ শিখতে এসেছেন। কৃষ্ণ কলি বলেছেন যে ভারতীয় শিল্প বিস্ময়কর, যার কারণে প্রতি বছর কয়েক ডজন শিল্পপ্রেমীরা এই শিল্প শিখতে বিদেশ থেকে আসেন। কিন্তু দুঃখজনক দিক হলো এই শিল্পের প্রচার ও প্রসারে সরকারের পক্ষ থেকে বিশেষ কোনো সহযোগিতা নেই। প্রশিক্ষক ওস্তাদ অধর কুমার বলেন, নৃত্য শিল্প দেবদেবী, অসুর, মানুষ ও পশু-পাখির কাছে খুবই প্রিয়। ভারতীয় পুরাণগুলিতে, এটি অশুভের বিনাশকারী এবং ঈশ্বর লাভের উপায় হিসাবে বিবেচিত হয়েছে। অধর কুমার বলেন, এই নাচের পরিবেশনা খুবই কঠিন। নাচের পারফরম্যান্সে প্রচুর শারীরিক পরিশ্রম হয়। তিনি বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিশেষ সহযোগিতার অভাবে শিল্পীরা এই প্রাচীন লোকশিল্প থেকে মুখ ফিরিয়ে নিতে শুরু করেছে।

# উজান অসমের বিজেপি বিধায়কদের কাছে টাকা দাবি করে আলফা স্বাধীনের চিঠিফোন, ডিজিপির শরণাপন্ন জনপ্রতিনিধিরা, বিরোধী দলপতির প্রতিক্রিয়া, নিম্ন অসমে কেএলও (কেএন) জঙ্গি সংগঠনের ব্যবসায়ীদেরকে অর্থ দাবিপত্র

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি** ঃ অর্থ দাবির ক্ষেত্রে সহসা তৎপর হয়ে উঠেছে আলফা স্বাধীন। জঙ্গি সংগঠনটি উজান অসমের বিজেপি বিধায়কদের কাছ থেকে টাকা দাবি করে চিঠি পাঠানো ছাড়াও ফোন করছে বলে অভিযোগ উঠেছে। তবে শুধুমাত্র জনপ্রতিনিধিরা নন, প্রতিষ্ঠিত ব্যবসায়ী, চা বাগান মালিক, ওয়েল ইন্ডিয়ার আধিকারিক, ঠিকাদার প্রমুখদেরও একইভাবে ৪০ লক্ষ থেকে পাঁচ কোটি টাকা পর্যন্ত অর্থ দাবিপত্র পাঠাচ্ছে আলফা স্বাধীন। একইভাবে নিম্ন অসমে কেএলও (কেএন) জঙ্গি সংগঠনের তরফে ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থ দাবিপত্র পাঠানো ছাড়াও এক্ষেত্রে চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছে। এই বিষয়টি কেন্দ্র করে বর্তমান পুলিশ এবং নিরাপত্তা সংস্থা গুলো উদ্বিগ্ন হয়ে পড়েছে। এক্ষেত্রে প্রতিক্রিয়া প্রকাশ করেছেন বিরোধী দলপতি দেবব্রত শইকীয়া। কংগ্রেস বিধায়ক বলেন উজান অসমের বিধায়কদের কাছ থেকে কোটি কোটি টাকা দাবি করা হচ্ছে। এই সংক্রান্তে সরকার কেন স্পষ্টিকরণ দিচ্ছে না সেই প্রশ্ন উত্থাপন করেছেন বিরোধী দলপতি। তিনি বললেন সরকারকে এটা স্পষ্ট করতে হবে বিধায়কদের কাছ থেকে কোটি কোটি টাকা অর্থ দাবি করা বিষয়টি সত্য না মিথ্যা। এই বিষয়ে অতি শীঘ্র সরকার থেকে জবাব চেয়েছেন বিরোধী দলপতি দেবব্রত শইকীয়া।

পরেশ বড়ুয়া নেতৃত্বাধীন আলফা স্বাধীন সম্প্রতি অর্থ আদায়ের ক্ষেত্রে সক্রিয় হয়ে উঠেছে। তবে আচমকা জঙ্গি সংগঠনটির এই অর্থের প্রয়োজেনীয়তার কারণ ইতিমধ্যে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার তরফে প্রকাশ করা তথ্যের সঙ্গে মিলে যাচ্ছে। প্রসঙ্গত সম্প্রতি কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার মাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী রোহিঙ্গা জঙ্গিদের প্রশিক্ষণ দেওয়ার প্রস্তুতি নিয়েছে আলফা স্বাধীন। বিশেষ করে আরকান রোহিঙ্গা সেলেভেশন আর্মি নামের সন্ত্রাসবাদি সংগঠনটির দুই শতাধিক সদস্যদের আলফা স্বাধীন জঙ্গি প্রশিক্ষণ দিতে চলেছে। এক্ষেত্রে সাহায্য করবে, নাগাল্যান্ডের উগ্রপন্থী সংস্থা এনএসসিএন (আইএম)। তাছাড়া এই প্রশিক্ষণ শিবিরে সরাসরি ভাবে জড়িত থাকবে পাকিস্তানের মৌলবাদী জঙ্গী সংগঠন লস্কর ই তৈবা এবং জয়েস ই মোহাম্মদ। রোহিঙ্গা জঙ্গিদের প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে পাকিস্তানের মৌলবাদী জঙ্গি সংগঠনগুলো জড়িত হয়ে যাওয়ার ফলে ভবিষ্যতে অসম তথা উত্তর পূর্বে জেহাদি কার্যকলাপ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। ম্যায়ানমার সোনার বিরুদ্ধে মোকাবিলার স্বার্থে রোহিঙ্গা জঙ্গি সংগঠন প্রস্তুতি নিলেও সেটা উত্তরপূর্ব তথা ভারতের বিরুদ্ধে হয়ে উঠার সম্ভাবনা অধিক প্রবল হয়ে উঠেছে। এর ফলেই ভারতের গোয়েন্দা এবং নিরাপত্তা সংস্থাগুলোর বিষয়টি ঘিরে চিন্তিত হয়ে পড়েছে।

প্রাপ্ত তথ্য অনুসারে আরকান রোহিঙ্গা সেলেভেশন আর্মি নামের সন্ত্রাসবাদ সংগঠনটির দুই শতাধিক সদস্যদের প্রশিক্ষণ দেওয়ার স্বার্থে বৃহৎ আকারে অর্থ সংগ্রহের অভিযানে নেমে পড়েছে আলফা স্বাধীন। এর ফলে এবার বিজেপি বিধায়ক এবং জনপ্রতিনিধিদের টার্গেট হিসেবে নিয়ে তাদের থেকে অর্থ সংগ্রহ করতে চাইছে জঙ্গি সংগঠনটি। ইতিমধ্যে অর্থের দাবি জানিয়ে উজান অসমের বিভিন্ন নেতাদের পাশাপাশি বিজেপি বিধায়কদের অর্থ দাবি পত্র পাঠানো ছাড়াও তাদের টেলিফোন করছে আলফা স্বাধীন। মূলত ৪০ লক্ষ টাকা থেকে ৫ কোটি পর্যন্ত টাকার দাবি জানিয়ে জঙ্গি সংগঠনের তরফে চিঠি পাঠানো হয়েছে। জনপ্রতিনিধি ছাড়াও উজান অসমের বিভিন্ন ব্যবসায়ী, চা বাগান মালিক, ওয়েল ইন্ডিয়ার আধিকারিক, ঠিকাদার প্রমুখদেরও একইভাবে অর্থ দাবিপত্র পাঠানো হচ্ছে। এদিকে আলফা স্বাধীনের অর্থ দাবি পত্র এবং টেলিফোনে ব্যতিব্যস্ত বিজেপি বিধায়করা ডিজিপি জিপি সিংহের শরণাপন্ন হয়েছেন। প্রাপ্ত তথ্য অনুসারে অসম পুলিশ কর্তাকে ইতিমধ্যে যাবতীয় দাবি পত্র এবং কল রেকর্ডিং জমা দিয়েছেন বিজেপি বিধায়করা।

এদিকে উজান অসমে আলফা স্বাধীন অর্থ সংগ্রহে নেমে পড়ার বিপরীতে নিম্ন অসমে একই ধরনের তৎপরতা শুরু করেছে কেএলও (কেএন) নামের অপর একটি জঙ্গি সংগঠন। মূলত ক্ষুদ্র ব্যবসায়ীদের কাছ থেকে টাকার দাবি জানিয়ে চিঠি পাঠিয়েছে কেএলও (কেএন)। পাঁচ লক্ষ টাকা পর্যন্ত প্রায় ২০ জন ক্ষুদ্র ব্যবসায়ীকে অর্থ দাবী পত্র পাঠানো হয়েছে। এক্ষেত্রে টাকা দেওয়ার জন্য চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করে দিয়েছে কেএলও (কেএন)। অর্থ দাবী পত্র পাঠানো ছাড়াও ক্ষুদ্র ব্যবসায়ীদের বহি রাজ্য থেকে ফোন কল এবং এসএমএস করা হচ্ছে বলে জানা গেছে। এক্ষেত্রে পুলিশ ইতিমধ্যে সক্রিয় হয়ে ওঠে তদন্ত শুরু করেছে।






## মেসির সঙ্গে নতুন চুক্তি নিয়ে নিশ্চিত নয় পিএসজিই



**প্যারিস (ওয়েবডেস্ক)** ঃ কাল রেনের বিপক্ষে আরও একটি হার দেখল পিএসজি। বছরের শুরু থেকেই ফরাসি দলটা যেন এক অসুখী পরিবার। চ্যাম্পিয়নস লিগের স্বপ্ন শেষ হয়ে গেছে এবারও। তারকাদ্যুতি ছড়িয়ে ইউরোপসেরা ক্লাব হওয়ার যে পরিকল্পনা, সেটি নিয়েই এখন ভাবছে তারা। ব্যাপারটা এমন পর্যায়ে পৌঁছেছে যে বিশ্বকাপজয়ী লিওনেল মেসিকে আদৌ দলে রাখা হবে কি না, এটি নিয়েই নিশ্চিত সিদ্ধান্তে আসতে পারছে না পিএসজি। ফরাসি পত্রিকা লে'কিপই জানিয়েছে ব্যাপারটি। মেসির সঙ্গে পিএসজির চুক্তি শেষ হয়ে যাবে এই জুনেই। বিশ্বকাপের পর থেকেই তাঁর চুক্তির মেয়াদ বাড়ানোর আলোচনা শুরু হলেও এখনো কোনো নির্দিষ্ট সমঝোতায় আসতে পারেনি দুই পক্ষ। চুক্তি আজ হবে, কাল হবে করে কেটে গেছে তিন মাস। শোনা যাচ্ছে, মেসি নিজেই নাকি কিছু ব্যাপারে পিএসজির কাছ থেকে প্রতিশ্রুতি চান। দলের যাবতীয় পরিকল্পনার কেন্দ্রে এমবাপ্পেকে পছন্দ হচ্ছে না তাঁর। মাঝখানে মেসির এজেঃট, তাঁর বাবা হোর্হে মেসির সঙ্গে আলোচনায় বসেও সেটি স্থগিত করতে হয়েছে। এখন লে'কিপের ভাষ্য অনুযায়ী মেসিকে রাখা হবে, নাকি ছেড়ে দেওয়া হবে, সেটি নিয়েই নিশ্চিত হতে পারছে না পিএসজি। ২০২১ সালে বার্সেলোনা থেকে পিএসজিতে ফ্রি এজেন্ট হিসেবেই যোগ দিয়েছিলেন মেসি। চুক্তি হয় দুই বছরের। চুক্তিতেই সেটি তিন বছর পর্যন্ত বাড়ানোর একটা বিষয় ছিল। কিন্তু এখন এই আলোচনা পুরোপুরি ঘুরপাক খাচ্ছে সম্পূর্ণ নতুন একটা চুক্তি করা নিয়েই। বিশ্বকাপের পর মেসি নিজের বেতন বাড়াতে চাচ্ছেন। খবরে প্রকাশ, মেসি নিজের বেতন কিলিয়ান এমবাপ্পের সমান করতেই চাপ দিচ্ছেন পিএসজিকে। পিএসজিতে এখন মেসিকে নিয়ে দুই মত। এক দল চাচ্ছে মেসিকে আরও অন্তত একটা মৌসুমের জন্য রেখে দিতে। অপর পক্ষ এরই মধ্যে আগ্রহ হারিয়েছে মেসির ব্যাপারে। পিএসজির অভ্যন্তরেই অভিযোগ, মেসি বিশ্বকাপে যেভাবে আর্জেন্টিনার জন্য নিজেকে উজাড় করে দিয়েছেন, তাঁর আংশিকও পিএসজির হয়ে খেলছেন না। যদিও রেনের বিপক্ষে কালকের ম্যাচটি পিএসজি হারলেও মেসিই ছিলেন সেরা খেলোয়াড়। এর মধ্যেই মেসির বাবার সৌদি আরব সফর নিয়ে কানাঘুষা শুরু হয়েছে। সৌদি ক্লাব আল নাসর যেমন ক্রিস্টিয়ানো রোনালদোকে দলে ভিড়িয়েছে। মেসির জন্যও নাকি এমন একটা প্রস্তাবই অপেক্ষা করছে। মেসিকে দলে নিতে চায় যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাব ইন্টার মায়ামিও। মেসির পুরোনো ক্লাব বার্সেলোনাও নাকি মেসিকে ফেরাতে চায়। মেসি কী করবেন, পিএসজিই বা কী সিদ্ধান্ত নেয়, সেটি সময়ই বলে দেবে।



## ৬.৪-৬-০-৭, আইপিএলের আগে কী বিধ্বংসী বোলিং নারাইনের



**কলকাতা** ঃ ৬.৪ ওভার হাত ঘুরিয়েছেন। নিতে নিতে উইকেটও তুলে নিলেন ৭টি। কিন্তু প্রতিপক্ষকে রান নিতে দিলেন না একটিও। ইনিংস শেষে বোলিং ফিগার দাঁড়াল অবিশ্বাস্য ৬.৪-৬-০-৭।

ওয়েস্ট ইন্ডিজের ঘরোয়া ক্রিকেটে বিধ্বংসী এই বোলিং করেছেন সুনীল নারাইন। ত্রিনিদাদ অ্যান্ড টোবাগোর (টিঅ্যান্ডটি) পোর্ট অব স্পেনে অনুষ্ঠিত ম্যাচটি ছিল টিঅ্যান্ডটি ক্রিকেট বোর্ড প্রিমিয়ার ডিভিশন ওয়ানের। চার দিনের এই ম্যাচে নারাইন মাঠে নামেন কুইনস পার্ক ক্রিকেট ক্লাবের হয়ে, প্রতিপক্ষ ছিল ক্লার্ক রোড ইউনাইটেড।

শনিবার প্রথমে ব্যাট করতে নামা ক্লার্ক রোড প্রথম তিন উইকেট হারায় ৩০ রানের মধ্যে। এরপর নারাইনঘূর্ণির কবলে পড়ে তারা। চতুর্থ থেকে দশমক্লার্ক রোডের শেষ ৭ উইকেটই তুলে নেন ডানহাতি এ অফ স্পিনার। এর মধ্যে চারজন আউট হন ক্যাচ দিয়ে, দুজন এলবিডব্লু আর একজন বোল্ড।

তবে উইকেটসংখ্যার চেয়ে অবিশ্বাস্য রান না দেওয়াটা। ৪০ ডেলিভারির মধ্যে উইকেট পেয়েছেন ৭টিতে। বাকি ৩৩ বলে এক রানও নিতে পারেননি কেউ। অথচ নারাইনের অপর প্রান্তে বল হাতে নেওয়া সব বোলারই রান দিয়েছেন। ক্লার্ক রোড প্রথম ইনিংসে ৭৬ রান তোলে। দ্বিতীয় ইনিংসে অবশ্য ঘুরে দাঁড়ায় তারা। তোলে ৩২৫ রান। এই ইনিংসে ১০১ রানে ৬ উইকেট নেন নারাইন। কুইনস পার্ক ম্যাচ জেতে ৫ উইকেটে। মজার বিষয় হচ্ছে, বিধ্বংসী বোলিং করা ম্যাচটি নাকি নারাইনের খেলারই কথা ছিল না। ত্রিনিদাদ অ্যান্ড টোবাগোর গার্ডিয়ান জানিয়েছে, কলকাতা নাইট রাইডার্সের হয়ে আইপিএল খেলতে ভারতে রওনা দেওয়ার কথা ছিল নারাইনের। তবে ফ্লাইট বাতিল হয়ে যাওয়ায় ম্যাচ খেলতে নেমে যান তিনি। আর নেমেই গড়েন অবিশ্বাস্য বোলিং কীর্তি।

## যেখানে নেইমারের চেয়ে অনেক এগিয়ে ভিনিসিয়ুস

**প্যারিস** ঃ তেই সাভানিঁয়ে, মাত্তিয়া জাক্কানি, ইসি পালাজোন, আইজ্যাক সাকসেস, মুনাইম এল ইদ্রিসি...এখানেই থামা যাক!

প্রশ্ন হচ্ছে, ওপরের নামগুলো যাঁদের, তাঁদের কি চেনেন? ভোটাভুটি হলে কমপক্ষে ৯০ মানুষের উত্তর হতো 'না'। ধ্যানমগ্ন ঋষির মতো কেউ ইউরোপীয় ফুটবলে ডুবে থাকলেও তাঁর পক্ষে এই খেলোয়াড়দের চেনা কঠিন। যাঁরা টুকুটাক খোঁজখবর রাখেন, তাঁদেরও চেনার কথা নয়। কারণ, বেশির ভাগ ফুটবলপ্রেমীর আগ্রহের জায়গা পরাশক্তি ক্লাবগুলো। সাভানিঁয়ে, পালাজোন, সাকসেস, ইদ্রিসিদের কেউ যে সে রকম বড় ক্লাবে খেলেন না!

তবে ফুটবলের পরিসংখ্যানবিষয়ক ওয়েবসাইট 'এফবিরেফ' বলছে, ইউরোপের শীর্ষ পাঁচ লিগের এবারের মৌসুমে 'অচেনা' এই নামগুলোই সবচেয়ে বেশি ফাউলের শিকার হয়েছে।

প্রতিপক্ষের বাধার মুখে পড়াদের তালিকায় যিনি সবার ওপরে আছেন, তাঁকে অবশ্য সবাই চেনেন ভিনিসিয়ুস জুনিয়র। বর্ণবাদী আক্রমণে অতিষ্ঠ হয়ে পড়া এই ব্রাজিলিয়ান উইঙ্গারকে এ মৌসুমে রেকর্ড ৯৪ বার ফাউল করা হয়েছে। চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনার বিপক্ষে গত রাতে ২-১ ব্যবধানে হারের ম্যাচেও দুবার ফাউলের শিকার হয়েছেন রিয়াল মাদ্রিদ তারকা।

এ মৌসুমে ফাউলের শিকার হওয়া খেলোয়াড়দের তালিকায় যৌথভাবে দুইয়ে আছেন ফরাসি ক্লাব মঁপেলিয়ের সাভানিঁয়ে ও ইতালিয়ান ক্লাব লাৎিসওর জাক্কানি। এই দুই মিডফিল্ডারকে ৭১ বার করে ফাউল করেছেন প্রতিপক্ষের খেলোয়াড়েরা।

গত চার মৌসুমে লিগ আঁতে ২০০ বার সফলভাবে ড্রিবল করেছেন সাভানিঁয়ে। ফ্রি কিক বিশেষজ্ঞ হিসেবে পরিচিত এই মিডফিল্ডার বেশ কয়েকটি দর্শনীয় গোল করেছেন। আর সিরি 'আ'তে চমক দেখিয়ে পয়েন্ট তালিকার দুইয়ে উঠে আসা লাৎিসওকে টানছেন জাক্কানি। গত রাতে তাঁর গোলেই জোসে মরিনিওর এএস রোমাকে হারিয়েছে লাৎিসও।

সাভানিঁয়ে জাক্কানির পরেই আছেন ইসি পালাজোন। স্প্যানিশ লা লিগার ক্লাব রায়ো ভায়েকানোর এই



উইঙ্গারকে বর্তমান মৌসুমে ৬৯ বার ফাউল করা হয়েছে। তালিকায় এরপর আছেন ইতালিয়ান ক্লাব উদিনেসের ফরোয়ার্ড আইজাক সাকসেস। নামের শেষাংশের বাংলা অর্থ 'সাফল্য' হলেও বল নিয়ে ৬৮ বার প্রতিপক্ষের খেলোয়াড়েরা বাধা দিয়ে তাঁর প্রচেষ্টা ব্যর্থ করে দিয়েছেন।

সবচেয়ে বেশি ফাউলের শিকার হওয়াদের তালিকায় একই ক্লাবের একাধিক খেলোয়াড়ও আছেন। তাঁরা হলেন ক্রিস্টাল প্যালেসের উলফ্রাইড জাহা ও জর্ডান আইয়ু। জাহাকে ফাউল করা হয়েছে ৬৬ বার, তাঁর আক্রমণভাগের সঙ্গী আইয়ুকে ৬০ বার। ম্যানচেস্টার সিটি তারকা জ্যাক গ্রিলিশও ৬০ বার ফাউলের শিকার হয়েছেন। বেশ কয়েকটি ম্যাচে পেপ গার্দিওলা গ্রিলিশকে বদলি নামিয়েছেন, আবার কখনো শুরুর একাদশে রাখলেও পুরো ৯০ মিনিট খেলাননি। নয়তো আরও বেশি ফাউলের শিকার হতে পারতেন গ্রিলিশ।

ফাউলের প্রসঙ্গ এলেই সবার আগে ব্যথায় কাতর নেইমার জুনিয়রের ছবি চোখে ভেসে ওঠে। মাঠে নেইমারের পড়ে যাওয়া কিংবা গড়াগড়ি খাওয়াকে কেউ কেউ অভিনয়ও বলে থাকেন। তবে পিএসজির ব্রাজিলিয়ান তারকা যে আক্ষরিক অর্থেই অতিমাত্রায় ফাউলের শিকার হন, সেটা তো এফবিরেফ এর তথ্যই বলে দিচ্ছে।

গত এক দশকে রেকর্ড ৩৩ বার চোটে পড়া নেইমার এ মৌসুমে ৬৫ বার ফাউলের শিকার হয়েছেন। গত ১৯ ফেব্রুয়ারি লিগ আঁএর ম্যাচে লিলের বিপক্ষে চোটে পড়ে মৌসুমই শেষ হয়ে গেছে তাঁর। এক মাসে আরও পাঁচবার মাঠে নেমেছে পিএসজি। যে হারে ফাউলের শিকার হচ্ছিলেন, তাতে চোটে না পড়লে নেইমার নিশ্চয় ব্রাজিলিয়ান সতীর্থ ভিনিসিয়ুসের পাশেই থাকতেন।



# ব্রিটেনের মোবাইল ডিভাইসে চালু হচ্ছে সরকারি জরুরি সংকেত বার্তা



**লন্ডন (ওয়েবডেস্ক)ঃ** ব্রিটেনে মোবাইল ডিভাইসের মাধ্যমে জনসাধারণকে জরুরি বিপদ সংকেত পাঠাতে সরকার আগামী মাসে একটি নতুন পদ্ধতির ওপর পরীক্ষা চালাবে। এতে মোবাইল ডিভাইস ব্যবহারকারীদের কাছে সাইরেন বাজার মতো সতর্কতামূলক বার্তা পাঠানো হবে।

বন্যা কিংবা আগুনের মতো জীবনের প্রতি হুমকির পরিস্থিতিতে জনসাধারণকে সতর্ক করে এই জরুরি বার্তা পাঠানো হবে।

যেসব পরিস্থিতিতে এই বার্তা পাঠানো হবে সেই তালিকায় পরে সন্ত্রাসবাদের মতো ঘটনাকেও যুক্ত করা হবে বলে কর্মকর্তারা বলছেন।

আগামী ২৩শে এপ্রিল সন্ধ্যায় ব্রিটেনজুড়ে এই পরীক্ষা চালানো হবে বলে মনে করা হচ্ছে।

তবে ডিভাইস ব্যবহারকারীদের এই সতর্কবাণী পাওয়ার জন্য তাদের ডিভাইসকে আগে প্রস্তুত করতে হবে।

পরীক্ষা চলার সময় ব্যবহারকারীদের ডিভাইসের হোম স্ক্রিনে একটি বার্তা উপস্থিত হবে, ডিভাইসটি ভাইব্রেট করবে এবং ১০ সেকেন্ড সাইরেনের মতো তীব্র শব্দ শোনা যাবে। এমনকি ফোনটি সাইলেঃন্ট সেট করা থাকলেও গ্রাহকরা এই বার্তা পাবেন।

এই জরুরি সংকেত পাঠানোর সিস্টেমটি কার্যকর হয়েছে আজ রোববার থেকে। যুক্তরাষ্ট্র, ক্যানাডা, জাপান এবং নেদারল্যান্ডে একই ধরনের ব্যবস্থার ওপর ভিত্তি করে ব্রিটেনের এই জরুরি সংকেতের মডেল তৈরি করা হয়েছে।

জরুরি বার্তাগুলি পাঠাবে শুধুমাত্র সরকার কিংবা জরুরি পরিষেবাগুলি। প্রাথমিকভাবে আবহাওয়া সম্পর্কিত গুরুত্বপূর্ণ ঘটনার সময় এই বার্তা পাঠানো হবে। সংশ্লিষ্ট এলাকার মধ্যে ৯০ মোবাইল ব্যবহারকারীদের কাছে একটি বার্তা পৌঁছে যাবে।

এসব বার্তায় ঐ এলাকায় ঝুঁকির বিশদ বিবরণ থাকবে এবং কীভাবে এর থেকে রক্ষা পাওয়া যাবে সে সম্পর্কে নির্দেশাবলী থাকবে।

বার্তাগুলো শুধুমাত্র সেখানেই পাঠানো হবে যেখানে মানুষের জীবনের তাৎক্ষণিক ঝুঁকি থাকবে। তবে অনেকই বহু মাস বা বছর ধরেও এধরনের সতর্কতা নাও পেতে পারেন।

ব্রিটেনের কেবিনেট সচিব অলিভার ডাউডেন বিবিসিকে বলেছেন, জরুরি বার্তাগুলি মানুষকে সুনির্দিষ্টভাবে মানুষকে টার্গেট করে পাঠানো হবে। এবং তিনি আশা করেন এই পরীক্ষা ছাড়া অনেক লোককে হয়তো আর কখনই সতর্কবার্তা দেখতে হবে না।

ব্রিটেনের মন্ত্রীপরিষদ বিভাগ জানাচ্ছে, এই পরিষেবাটি হবে নিরাপদ, এটা পাওয়া যাবে বিনামূল্যে এবং এজন্য কারও টেলিফোন নম্বর, পরিচয় বা অবস্থানের মতো ব্যক্তিগত তথ্য সংগ্রহ করবে না।

এই জরুরি পরিষেবায় ‘সেল ব্রডকাস্টিং’ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে এবং বার্তাগুলি পাঠানো জনসাধারণের বর্তমান অবস্থানের উপর ভিত্তি করে। এর জন্য ফোনের লোকেশন সার্ভিস চালু করার প্রয়োজন হবে না।

যখন একটি জরুরি সতর্ক বার্তা প্রচার করা হবে তখন একটি নির্দিষ্ট এলাকার সবগুলো সেল টাওয়ার সেটি সম্প্রচার করবে, এবং নির্বাচনী ওয়ার্ডের আকারের সমান এলাকায় বার্তাটি পৌঁছে যাবে।

# রাতের আঁধারে ইউক্রেনের বিধ্বস্ত শহর মারিউপোল সফর করলেন পুতিন

**মারিউপোল (ওয়েবডেস্ক)ঃ** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন গত বছর ইউক্রেনে আগ্রাসন শুরুর পর এই প্রথমবারের মতো নতুন দখলকৃত অঞ্চলে এক প্রকাশ্য সফরে গেছেন। তিনি ইউক্রেনের বিধ্বস্ত শহর মারিউপোল পরিদর্শন করেছেন, কয়েক সপ্তাহ ধরে বোমা বর্ষণের পর যে শহরটি রুশ সৈন্যরা গত মে মাসে দখল করেছিল।

রুশ সংবাদমাধ্যম খবর দিচ্ছে, মি. পুতিন হেলিকপ্টারে চড়ে ঐ শহরে এসে নামেন এবং অন্ধকারের মধ্যে গাড়িতে শহরটির বিভিন্ন জায়গা ঘুরে দেখেন। তিনি শহরের কিছু বাসিন্দার সাথেও কথা বলেন।

সংবাদদাতারা বলছেন, মারিউপোল মস্কোর সরকারের জন্য একটি বিরল সামরিক সাফল্যের প্রতীক এবং রুশ নেতার এই সফরের উদ্দেশ্য হচ্ছে ইউক্রেন যুদ্ধে যে তারা সফল হচ্ছে তা সবাইকে দেখানো।

গত শুক্রবার দা হেগের আন্তর্জাতিক অপরাধ আদালতের কৌঁসুলিরা প্রেসিডেন্ট পুতিনের বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগ করেছেন। বিবিসির কূটনৈতিক বিষয়ক সংবাদদাতা জেমস ল্যান্ডল জানাচ্ছেন, ভ্লাদিমির পুতিন দৃশ্যত মনে হচ্ছে অধিকৃত ইউক্রেনে বর্ধিত সফর করছেন। গতকাল শনিবার তিনি সফর করেছেন ক্রাইমিয়া, রাতের বেলা সফর করেছেন মারিউপোল শহর। মারিউপোল দক্ষিণ ডনবাস অঞ্চলের একটি শিল্প বন্দর শহর।

যুদ্ধের প্রাথমিক পর্যায়ে শহরটি ছিল ইউক্রেনীয় প্রতিরোধের প্রতীক।

এই শহরের অ্যাজভস্টাল স্টিল প্ল্যান্টে ইউক্রেনীয় প্রতিরোধ বাহিনী কয়েক মাস ধরে রুশ বাহিনীকে ঠেকিয়ে রেখেছিল।

মারিউপোল একই সাথে কথিত যুদ্ধাপরাধেরও একটি অকুস্থল যেখানে রুশ বাহিনী একটি প্রসূতি হাসপাতাল এবং একটি থিয়েটার, যেখানে বেসামরিক লোকজন আশ্রয় নিচ্ছিল, তার ওপর বোমা বর্ষণ করেছিল।

রুশ নিউজ চ্যানেল রোসিয়া ২৪ ক্রেমলিনের প্রেস সার্ভিসের উদ্ধৃতি দিয়ে জানাচ্ছে, মারিউপোল সফরের সময় তার সাথে ছিলেন উপপ্রধানমন্ত্রী মারাত খুসনুলিন, যিনি তাকে শহরের পুনর্নির্মাণ সম্পর্কে অবহিত করেন।

এই সফরের সময় মি. পুতিন স্থানীয় এক পরিবারের আমন্ত্রণে তাদের বাড়িতেও গিয়েছিলেন বলে বলা হয়েছে।


তবে টিভি প্রতিবেদনে পরিবারটির সাথে দেখা করার ওপর কোন ভিডিও ফুটেজ প্রকাশ করা হয়নি।

বিবিসির মনিটরিং বিভাগ জানাচ্ছে, ভ্লাদিমির পুতিন একই দিনে দক্ষিণপশ্চিম রাশিয়ার রস্টভ অন ডন শহরে বিশেষ সামরিক অভিযান এর কমান্ড পোস্টে একটি বৈঠকও করেন।

রুশ সশস্ত্র বাহিনীর স্টাফ প্রধান ও ইউক্রেনে রাশিয়ার শীর্ষ কমান্ডার জেনারেল ভ্যালেরি গেরাসিমভসহ রুশ সামরিক কমান্ডাররা মি. পুতিনকে তাদের সামরিক অভিযানের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন।

ভিডিওটিতে দেখা গেছে, জেনারেল গেরাসিমভ এবং মি. পুতিন একসাথে একটি সিঁড়ি বেয়ে হেঁটে যাচ্ছেন এবং জেনারেল প্রেসিডেন্টকে জিজ্ঞাসা করছেন তার হাতে কতটা সময় আছে। এর জবাবে মি. পুতিন বলেন, যতটা প্রয়োজন ততটা।

ক্রাইমিয়া দখলের নবম বার্ষিকীতে ভ্লাদিমির পুতিন রুশ অধিকৃত ঐ ভূখণ্ড সফর করলেন। এরপরই তিনি মারিউপোল যান।



# নকল করতে বাধা দেওয়ায় প্রধান শিক্ষককে মারধর একদল পরীক্ষার্থী স্কুল কক্ষ ভাংচুর করে

**মালদা ঃ** উচ্চ মাধ্যমিকের দ্বিতীয় দিনের ইংরেজি পরীক্ষার নকলে বাধা দেওয়ায় স্কুলের প্রধান শিক্ষককে বেধড়ক পেটানোর অভিযোগ উঠলো একাংশ পরীক্ষার্থীদের বিরুদ্ধে। এমন কি উত্তেজনা তৈরি করতে বেশ কিছু পরীক্ষার্থীরা ক্লাসরুমের চেয়ার , টেবিল ভাঙচুর করে বলে অভিযোগ। বৃহস্পতিবার দুপুরে মোথাবাড়ি থানার রথবাড়ি হাইস্কুলের এই ঘটনাকে ঘিরে তুমুল উত্তেজনা ছড়িয়ে পড়ে। কয়েকজন পরীক্ষার্থী সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষককে কিল,চর, ঘুষি মারে বলে অভিযোগ । তাতে প্রধান শিক্ষকের ঠোঁট কেটে যায়। সেই সময় আরো এক শিক্ষক আক্রান্ত হন। উত্তেজনা থামাতে প্রথমে রথবাড়ি হাইস্কুলের অন্যান্য শিক্ষক শিক্ষিকারা ছুটে আসলে, পরিস্থিতি আরো জটিল আকার ধারণ করে। মুহূর্তের মধ্যে পরীক্ষা কেন্দ্রের ক্লাসরুম লন্ডভন্ড করে দেয় একাংশ পরীক্ষার্থীরা বলে অভিযোগ। যদিও সেই সময় স্কুলে দায়িত্বে থাকা সিভিক ভলেঃটিয়ার এবং পুলিশ কর্মীরা, পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করে। পরে ঘটনার খবর পেয়ে ওই স্কুলে পৌঁছায় মোথাবাড়ি থানার বিশাল পুলিশ বাহিনী। দীর্ঘক্ষণ আলোচনার পর পুলিশ ও স্কুল কর্তৃপক্ষের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।হাইস্কুলের প্রধান শিক্ষক সমন্বয় সরকার জানিয়েছেন , বাঙ্গিটোলা হাইস্কুলের উচ্চ মাধ্যমিকের পরীক্ষার্থীদের সিট পড়েছে। স্কুলে এদিন কয়েকজন পরীক্ষার্থীর নকল এবং একজন মোবাইল নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করেছিল। পরীক্ষার এক ঘণ্টার মধ্যে বিষয়টি জানতে পেরে আমি তাদেরকে ধরে ফেলি। সেই নকল মোবাইলটা নেওয়ার চেষ্টা করি। কিন্তু যার কাছে নকলের কাগজ ছিল, সেই হঠাৎ করে উত্তেজনা তৈরি করে এবং আমার উপর আক্রমণ চালায়। ওই পরীক্ষার্থীর দেখাদেখি ক্লাসরুমের আরো অন্যান্য পরীক্ষার্থীরাও উত্তেজিত হয়ে ওঠে। তারপরে তুমুল গোলমাল চলতে শুরু করে।সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকের বক্তব্য, এরকম চলতে থাকলে আমরা নিরাপত্তাহীনতায় বোধ করছি। কঠোর পুলিশি নিরাপত্তা ছাড়া এরকমভাবে পরীক্ষা নেওয়াও আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না। যদিও ঘটনার খবর পেয়ে পুলিশ প্রশাসনের কর্তারা স্কুলে এসেছিলেন, তাদের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়েছে।

## অসুস্থ উচ্চ মাধ্যমিকের ছাত্রীর পরীক্ষা নেওয়া হয়েছে হাসপাতালে

**কোচবিহার ঃ** উচ্চমাধ্যমিকে ইংরেজি পরীক্ষার দিন অসুস্থ হয়ে দিনহাটা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পরীক্ষা দিচ্ছে শর্মিলা দে আমিন। দিনহাটার ভেটাগুড়ি চৌপতি হাই স্কুলের ছাত্রী সে। এদিন সকালে হঠাৎ করে অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে নিয়ে আসে পরিবারের লোকেরা। দিনহাটার পুটিমারি হাই স্কুল ওই ছাত্রীর পরীক্ষা কেন্দ্র। বৃহস্পতিবার সকালে হাসপাতালে ভর্তির পর চিকিৎসার পাশাপাশি উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃপক্ষ হাসপাতালে ওই ছাত্রীর পরীক্ষার ব্যবস্থা করে। সংসদের এডভাইজারি কমিটির সদস্য কার্তিক ভৌমিক জানান, হঠাৎ করে ওই ছাত্রী এদিন সকালে অসুস্থ হয়ে পড়লে তাকে বাড়ির লোকজন হাসপাতালে নিয়ে আসে। বিষয়টি আমরা জানতে পেরেই হাসপাতালেই ওই ছাত্রীর পরীক্ষার ব্যবস্থা করি।

## তার দেখভালকারী নিরাপত্তারক্ষীর মৃতদেহ খালি জমি থেকে উদ্ধার করা হয়েছে

**শিলিগুড়ি ঃ** নিরাপত্তারক্ষীর রক্তাক্ত মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ফুলবাড়িতে।মৃতের নাম দীপঙ্কর দাস।বাড়ি কোচবিহারের ফালাকাটা এলাকায়।একটি বেসরকারি সিকিউরিটি সংস্থার তত্ত্বাবধানে ফুলবাড়ি ২ নম্বর অঞ্চলের লক্ষীজোত এলাকায় একটি ফাঁকা জমি দেখাশোনার কাজ করতেন দীপঙ্কর দাস। বুধবার রাতে সেখান থেকে তার রক্তাক্ত মৃতদেহ উদ্ধার করে এনজেপি থানার পুলিশ।মৃতের শরীরের একাধিক জায়গায় ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে বলে জানা গিয়েছে।ইতিমধ্যেই মৃতের পরিবারের তরফে থানায় খুনের অভিযোগ দায়ের করা হয়েছে।মৃতের পরিবার সূত্রে খবর, বুধবার রাতে দীপঙ্কর বাবুকে বেশ কয়েকবার ফোন করে পাওয়া না গেলে তারা সিকিউরিটি এজেন্সিকে ফোন করেন।এরপর এজেন্সির সদস্যরা লক্ষীজোতে কর্মস্থলে যান।সেখানে দীপঙ্কর বাবুর রক্তাক্ত দেহ পড়ে থাকতে দেখেন তারা।তৎক্ষণাৎ ঘটনার খবর দেওয়া হয় পুলিশে।ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটিকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায় পুলিশ।গোটা ঘটনার তদন্তে নেমেছে এনজেপি থানার পুলিশ।

## পঞ্চায়েত নির্বাচনের আগে শাসক দল তৃণমূলের বড়সড়ো ধাক্কা দিল বিজেপি

**মালদা ঃ** পঞ্চায়েত নির্বাচনের আগে শাসক দল তৃণমূলের বড়সড়ো ধাক্কা দিল বিজেপি। গাজোল ব্লকের পান্ডুয়া গ্রাম পঞ্চায়েতের কুরুলিয়া গ্রামে কয়েক’শ কর্মী এবং সমর্থক তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করলেন। বুধবার রাতে কুরুলিয়া গ্রামে স্থানীয় বিজেপি নেতা দেবরাজ সাহা এবং গাজোলের বিজেপি দলের বিধায়ক চিন্ময় দেব বর্মনের উপস্থিতিতে এই যোগদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। সেখানে বিজেপির মন্ডল সভাপতি বঙ্কিম সরকারের হাত ধরে কুরুলিয়া গ্রামের ২৪ টি পরিবারের প্রায় কয়েকশ পুরুষ এবং মহিলারা তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করেন।গাজোল বিধানসভার বিধায়ক চিন্ময় দেব বর্মন বলেন, এদিন সংশ্লিষ্ট এলাকার তৃণমূলের বুথ সভাপতি সহ ২৪টি পরিবার তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করেছেন। শাসকদলের নানান দুর্নীতি এবং কোটি কোটি টাকা উদ্ধার এসব দেখেই মানুষ আজ ক্ষিপ্ত। এরফলেই তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদানের কর্মসূচি প্রতিদিনই বাড়ছে। এদিন যারা তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করেছেন তাদের হাতে দলীয় ঝান্ডা তুলে দিয়ে স্বাগত জানানো হয়েছে।

## আপ বামনহাট যাত্রীবাহী ট্রেনে কাঠ পাচারের চেষ্টা, লক্ষাধিক টাকার কাঠ জব্দ, গ্রেফতার একজন

**আলিপুরদুয়ার ঃ** প্যাসেঞ্জার ট্রেনে করে চোরাই কাঠ পাচার করা হচ্ছিল বৃহস্পতিবার কালচিনি রেল স্টেশন এলাকায় অভিযান চালিয়ে পাচারের পূর্বে কাঠ উদ্ধার করে বনদফতর এবং একজনকে গ্রেফতার করে। গোপন সুত্রে খবরের ভিত্তিতে বনদফতরের বক্সা ব্যাঘ্র প্রকল্পের পানা রেঞ্জ ও দমনপুর রেঞ্জের বনকর্মীরা বৃহস্পতিবার কালচিনি রেল স্টেশনে অভিযান চালায় আপ বামনহাট প্যাসেঞ্জার ট্রেনে কাঠ পাচার হচ্ছিল । বনদফতর অভিযান চালিয়ে কাঠ উদ্ধার করে এবং নন্দু নাগ নামক আলিপুরদুয়ারের বাসিন্দাকে গ্রেফতার করে।

## পশ্চিমবঙ্গ মিনিমাম ওয়েজ এডভাইসারি বোর্ডের নতুন চেয়ারম্যান হলেন মেয়র গৌতম দেব

**শিলিগুড়ি ঃ** পশ্চিমবঙ্গ মিনিমাম ওয়েজ এডভাইসারি বোর্ডের নতুন চেয়ারম্যান হলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। বৃহস্পতিবার, একটি বিজ্ঞপ্তির মদ্য দিয়ে রাজ্য শ্রম দপ্তরের পক্ষ থেকে এমনটাই জানানো হয়। জানা গিয়েছে, শ্রমিকদের ন্যূনতম মজুরির বিষয় নিয়ে একটি কমিটি আগেই তৈরি হয়েছিল। সেই কমিটির পরিবর্তন করে গৌতম দেবকে চেয়ারম্যান করা হয়। এই প্রসঙ্গে বৃহস্পতিবার দুপুর ২ টো নাগাদ শিলিগুড়ি পুরনিগমের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মেয়র গৌতম দেব বলেন মন্ত্রী মলয় ঘটক তাকে ফোন মারফতে বিষয়টি জানান। সমস্ত বিষয়ের ওপর সার্ভে করে কাজ শুরু করবেন বলে তিনি জানান।






JATIO KHOBOR
BANGLA DAINIK
বাংলা দৈনিক
জাতীয় খবর

রাঁচি
মঙ্গলবার
৪
web : www.rashtriyakhabar.com
epaper.rastriyakhabar.com
21:03:2023

দেশের দশের কথা
রাজনীতির তোলপাড়

## পুলিশের বিরুদ্ধে অভিযোগকারীকে গ্রেফতার, কিন্তু সেই অভিযোগের তদন্ত কোথায়



**ঢাকা (এজেন্সী) ঃ** বাংলাদেশে পুলিশের একজন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগের পর চিত্রনায়িকা মাহিয়া মাহিকে যে গতিতে গ্রেফতার ও কারাগারে পাঠানো হয়েছে সেই একই ভাবে তার করা অভিযোগ কেন গুরুত্ব পাচ্ছে না তা নিয়ে প্রশ্ন উঠছে। মানবাধিকার সংগঠক নূর খান লিটন বলছেন, গত কয়েক বছর ধরেই এই প্রবণতা দেখা যাচ্ছে যে পুলিশের মধ্যম পর্যায়ের কিছু কর্মকর্তা তাদের বিরুদ্ধে অভিযোগ উঠলেই তাদের ক্ষমতা প্রদর্শনের সুযোগ পাচ্ছেন। তাদের বিরুদ্ধে আসা অভিযোগের তদন্ত হয় না বরং কেউ অভিযোগ করলে উল্টো তিনিই হয়রানির শিকার হন। কিছু কর্মকর্তার এ ধরণের ক্ষমতা দেখানোটা পুরো বাহিনীকেই মানুষের কাছে প্রশ্নবিদ্ধ করে তুলেছে। তারা বিষয়টিকে পুলিশের বিরুদ্ধে ষড়যন্ত্র হিসেবে প্রচার করেন। কিন্তু তাদের বিরুদ্ধে আসা অভিযোগ খুব একটা আমলে নেয়া হয় না, বলছিলেন তিনি। তবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান শনিবারই বলেছেন, মাহিয়া মাহির অভিযোগও তদন্ত করে যাচাই করা হবে।

# বলিউডি কায়দায় পালিয়ে এখনও অধরা খালিস্তান সমর্থক নেতা অমৃতপাল সিং



**জলন্ধর (এজেন্সী) ঃ** ভারতে বিচ্ছিন্নতাবাদী খালিস্তানি আন্দোলনের সমর্থক একজন নেতাকে আটক করার জন্য পাঞ্জাবসহ সারা দেশ জুড়ে ব্যাপক অভিযান চালানো হলেও গত আটচল্লিশ ঘন্টারও বেশি সময় ধরে তিনি পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে বেড়াচ্ছেন। 'ওয়ারিস দা পাঞ্জাব' গোষ্ঠীর প্রধান অমৃতপাল সিংয়ের খোঁজে পাঞ্জাব তো বটেই, হরিয়ানা ও হিমাচল প্রদেশসহ আশেপাশের রাজ্যগুলোতেও অভিযান চলছে, পাশাপাশি গোটা এলাকাতেই মোবাইল ইন্টারনেট পরিষেবা ও এমন কী এসএমএস সার্ভিস পর্যন্ত বন্ধ রাখা হয়েছে।

৩০ বছর বয়সী অমৃতপাল সিং শিখদের জন্য একটি পৃথক মাতৃভূমির দাবিতে খালিস্তানি আন্দোলনের একজন কড়া সমর্থক। তার গাড়িবহরকে পুলিশ গত শনিবার বিকেলে জলন্ধরের কাছে শাহকোটে আটকেছিল, কিন্তু একপাশে গ্রামের সরু রাস্তা দিয়ে তিনি গা ঢাকা দেন। এখনও পুলিশ তাকে ধরতে পারেনি।

ইতোমধ্যে ওই শিখ নেতার শতাধিক অনুগামীকে দেশের বিভিন্ন প্রান্ত থেকে গ্রেপ্তার করা হয়েছে, যার মধ্যে অমৃতপাল সিংয়ের ঘনিষ্ঠ উপদেষ্টা ও আর্থিক মদতদাতা দলজিৎ সিং কালসিও রয়েছেন।

ওই খালিস্তানি নেতার চারজন ঘনিষ্ঠ সঙ্গীকে আটক করে এয়ারফোর্সের বিশেষ বিমানে দেশের অন্য প্রান্তে নিয়ে গিয়ে আসামের ডিব্রুগড়ে নিশ্ছিদ্র নিরাপত্তায় মোড়া একটি কারাগারে রাখা হয়েছে।

এই চারজনের বিরুদ্ধেই ভারতের অত্যন্ত কঠোর ন্যাশনাল সিকিওরিটি অ্যাক্টে (জাতীয় নিরাপত্তা আইনে) চার্জ আনা হয়েছে।

অমৃতপাল সিংয়ের বিরুদ্ধে এই অভিযানের প্রতিবাদ জানাতে যুক্তরাজ্যভিত্তিক বিভিন্ন খালিস্তানি সংগঠন লন্ডনে ভারতীয় দূতাবাসের সামনে রবিবার বিক্ষোভ দেখায়, বিক্ষোভকারীরা দূতাবাস ভবন থেকে ভারতের তেরঙ্গা জাতীয় পতাকাও টেনে নামিয়ে ফেলেন। এই ঘটনার প্রতিবাদ জানাতে রবিবার রাতেই ভারতে নিযুক্ত সর্বোচ্চ ব্রিটিশ কূটনীতিককে তলব করা হয়েছে - লন্ডনের হামলাকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জন্য ভারত জোরালো দাবিও জানিয়েছে।

পৃথক খালিস্তানের সমর্থনে বিবৃতি দিয়ে সম্প্রতি প্রচারের আলোয় আসা অমৃতপাল সিং গত শনিবার পাঞ্জাবের বার্নালায় একটি ধর্মীয় সমাবেশে যোগ দিতে অমৃতসরের কাছে জাল্লু খেরা গ্রামে তার বাড়ি থেকে রওনা দিয়েছিলেন।

সে দিনই বিকেলের দিকে জলন্ধরের কাছে শাহকোটে তার বিরাট গাড়িবহরকে আটকায় পাঞ্জাব পুলিশ। বিশাল বাহিনী নিয়ে তারা অমৃতপাল সিংকে ধরার জন্যই সেখানে অপেক্ষা করছিল।

অমৃতপাল সিং নিজে ছিলেন একটি মার্সিডিজে। বিপদ আঁচ করে সেই মার্সিডিজটি ও কনভয়ের আরও দুটো ফোর্ড এনডিএভার ঝটিতি ইউটার্ন নিয়ে হাইওয়ে থেকে গ্রামের সরু রাস্তায় নেমে যায়।

পুলিশও সঙ্গে সঙ্গে তাদের তাড়া করে। প্রায় হিন্দি সিনেমার কায়দায় একটানা ১৫-১৬ কিলোমিটার ধরে চলে সেই রুদ্ধশ্বাস 'কার চেজ'।

অবেশেষে মেহাতপুর শহরের একটি ব্যস্ত বাজার এলাকায় এনডিএভার গাড়িদুটি থেমে গেলে পুলিশ সেই গাড়ির আরোহীদের গ্রেপ্তার করে।

অমৃতপাল সিং যে মার্সিডিজে ছিলেন সেটি চালাচ্ছিলেন তার চাচা হরজিৎ সিং। কিন্তু পুলিশের গাড়ি যখন তাদের ধাওয়া করছে, তখনই একফাঁকে তিনি অমৃতপালকে গাড়ি থেকে নামিয়ে দেন।

অমৃতপাল সিং আর একটি কালো রঙের ইসুজু গাড়িতে চেপে গা ঢাকা দেন। সেই গাড়িটি পরে মেহাতপুরের কাছে সালেমান গ্রামে পরিত্যক্ত অবস্থায় পাওয়া গেছে।

রবিবার রাতে অমৃতপালের চাচা হরজিৎ সিং ও তার নিজস্ব গাড়িচালক হরপ্রীত সিং মেহাতপুর থানায় গিয়ে আত্মসমর্পণ করেন। পুলিশ আটক করে সেই মার্সিডিজ গাড়িটিকেও, কিন্তু অভিযান শুরুর পর পুরো দুদিন কেটে গেলেও অমৃতপাল সিং এখনও অধরাই রয়ে গেছেন।

ভারত সরকার আনুষ্ঠানিকভাবে এই অভিযান নিয়ে এখনও মুখ না খুললেও ভারতের সংবাদমাধ্যম রিপোর্ট করছে যে পাঞ্জাবে আম আদমি পার্টি সরকারের পুলিশ এবং কেন্দ্রের নিরাপত্তা বাহিনী একযোগেই এই অভিযান চালাচ্ছে।

তারা আরও বলছে যে দিনকয়েক আগেই পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগওয়ন্ত মানের সঙ্গে দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত সিংয়ের একান্ত বৈঠকেই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে দেশবিরোধী কার্যকলাপে অভিযুক্ত অমৃতপাল সিংকে গ্রেপ্তার করা হবে।

কিন্তু ঠিক তখনই যেহেতু দিল্লিতে ভারত জি-টোয়েন্টি জোটের পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক আয়োজন করছিল, তাই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে গ্রেপ্তারি অভিযান চালানো হবে সেই সব বৈঠক মিটে যাওয়ার পর।

তিন সপ্তাহ আগেই অমৃতপাল সিংয়ের শত শত সমর্থক তার এক ঘনিষ্ঠ সঙ্গীকে পুলিশি হেফাজত থেকে ছাড়িয়ে আনতে পাঞ্জাবের আজনালা থানায় তরবারি ও বন্দুক নিয়ে সশস্ত্র হামলা চালিয়েছিল।

পুলিশের ওপর সেই সহিংস হামলার ভিডিও নিমেষে ভাইরাল হয় গোটা দেশে। তারও আগে থেকেই অমৃতপাল সিং অবশ্য কেন্দ্র ও পাঞ্জাবের গোয়েন্দা সংস্থাগুলোর রাডারে ছিলেন।

এখন তার বিরুদ্ধে গ্রেপ্তারি অভিযান শুরু হওয়ার পর ভারতের গোয়েন্দা সূত্রগুলো দাবি করছে অমৃতপাল সিংয়ের সঙ্গে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই-এর ঘনিষ্ঠ যোগসাজস আছে।

গত আটচল্লিশ ঘন্টার অভিযানে খালিস্তান সমর্থক ওই নেতার বিভিন্ন ডেরা থেকে প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে বলেও পুলিশ দাবি করছে, যেগুলো 'আনন্দপুর খালসা ফ্রন্ট' বা একেএফ নামে একটি সংগঠনের নামে জড়ো করা হচ্ছিল বলে তাদের বক্তব্য। অমৃতপাল সিংয়ের ঘনিষ্ঠ অনুচরদের যেভাবে এয়ারফোর্সের বিমানে বিজেপি-শাসিত আসামে নিয়ে যাওয়া হয়েছে তাতে এটাও স্পষ্ট যে কেন্দ্রে ক্ষমতাসীন দল বিজেপি এখানে আম আদমি পার্টির (যারা পাঞ্জাবের শাসক দল) মতো বিরোধী রাজনৈতিক দলের সঙ্গে হাত মিলিয়েই কাজ করছে।

এদিকে ভারতে যখন অমৃতপাল সিংকে আটক করতে অভিযান চলছে, তখন রবিবার দুপুরের পর থেকেই ব্রিটেনের বিভিন্ন খালিস্তানপন্থী সংগঠন এর প্রতিবাদ জানাতে লন্ডনে ভারতীয় হাইকমিশনের সামনে সমবেত হয়। পরে সোশ্যাল মিডিয়াতে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, 'খালিস্তান জিন্দাবাদ' স্লোগানের মধ্যেই একজন বিক্ষোভকারী প্রায় বিনা বাধাতেই দূতাবাসের মূল প্রবেশপথে টাঙিয়ে রাখা জাতীয় পতাকার রড বেয়ে উঠে যান এবং তেরঙ্গা পতাকাটি টেনে নামিয়ে আনেন।

ভারত এই ঘটনায় যথারীতি অত্যন্ত ক্ষুব্ধ হয়েছে - রবিবার দিল্লিতে স্থানীয় সময় রাত সাড়ে দশটার দিকে তারা ভারতে নিযুক্ত ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার ক্রিস্টিয়ানা স্কটকে ডেকে পাঠিয়ে এর তীব্র প্রতিবাদ জানায়। ডেপুটি হাইকমিশনারকে ডেকে পাঠানোর কারণ ব্রিটিশ রাষ্ট্রদূত অ্যালেক্স এলিস তখন দিল্লি থেকে দূরে ছিলেন।

সাধারণত কোনও বিদেশি রাষ্ট্রদূতকে তলব করা হলে তার পরে সেটা জানানোই রীতি, কিন্তু এক্ষেত্রে নজিরবিহীনভাবে ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র অরিন্দম বাগচী আগেভাগেই ঘোষণা করেন, দিল্লিতে ব্রিটেনের সর্বোচ্চ যে কূটনীতিবিদ আছেন তাকে আমরা তলব করছি।

ক্রিস্টিয়ানা স্কট দিল্লির সাউথ ব্লকে পৌঁছনোর আগেই অবশ্য ব্রিটিশ হাইকমিশনার অ্যালেক্স এলিস টুইট করেন, লন্ডনে ভারতীয় দূতাবাস প্রাঙ্গণে যে লজ্জাজনক ঘটনা ঘটেছে আমি তার তীব্র নিন্দা করছি।

এই আচরণ 'কিছুতেই গ্রহণযোগ্য নয়' বলেও তিনি ওই টুইটে মন্তব্য করেন।

এরপর সোমবার সকালে ব্রিটিশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী লর্ড তারেক আহমেদও বিবৃতি দেন, লন্ডনের ভারতীয় দূতাবাসে এই হামলার ঘটনায় তিনি স্তম্ভিত এবং ব্রিটিশ সরকার দূতাবাসের নিরাপত্তা নিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা নেবে।

এদিকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া বিবৃতিতে এই ঘটনার নিন্দার পাশাপাশি ব্রিটিশ সরকারের 'নিষ্ক্রিয়তা'রও তীব্র সমালোচনা করা হয়েছে।

দিল্লি জানিয়েছে, কেন ব্রিটেনের তরফে কোনও নিরাপত্তা ছিল না যাতে এই হামলাকারীরা দূতাবাস প্রাঙ্গণের ভেতরে ঢুকে পড়তে পারল, সে ব্যাপারেও ব্রিটেনের কাছে ব্যাখ্যা তলব করা হয়েছে।

# ইরানের প্রেসিডেন্টকে সফরের আমন্ত্রণ জানিয়েছে সৌদি আরব, তেহরানের দাবি



**তেহরান ঃ** কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপনের এক সপ্তাহের মধ্যে ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসিকে সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছে সৌদি আরব। ইরান জানিয়েছে, বাদশাহ সালমানের পাঠানো এক চিঠিতে এ আমন্ত্রণ জানানো হয়েছে। তবে সৌদি আরবের পক্ষ থেকে এ তথ্য এখনো নিশ্চিত করা হয়নি।

বহুদিন ধরে মধ্যপ্রাচ্যে দুই দেশের মধ্যে চরম বৈরিতা চলছিল। তবে গত সপ্তাহে চীনের মধ্যস্থতায় দুই দেশ আবার কূটনৈতিক সম্পর্ক স্থাপনে একটি সমঝোতা করেছে।

দুই দেশের এই সম্পর্ক ওই অঞ্চলের ভূ-রাজনৈতিক চিত্র বদলে দিতে পারে বলে বিশ্লেষকরা ধারণা করছেন।

ইরানি প্রেসিডেন্টকে সৌদি আরবে সফরের জন্য এই আমন্ত্রণের কথা একটি টুইট করে জানিয়েছেন ইরানের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা মোহাম্মদ জামশিদি। তিনি আরও লিখেছেন, প্রেসিডেন্ট রাইসি এই আমন্ত্রণকে 'স্বাগত' এবং 'সহযোগিতা আরও বৃদ্ধি করার জন্য ইরান প্রস্তুত রয়েছে' বলে জানিয়েছেন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আবদুল্লাহিন পৃথক এক অনুষ্ঠানে সাংবাদিকদের বলেছেন, দুই দেশ পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে একটি বৈঠক করার বিষয়ে একমত হয়েছে। এজন্য তিনটি সম্ভাব্য স্থানের কথা বিবেচনা করা হচ্ছে। তবে সম্ভাব্য স্থান বা কবে নাগাদ ওই বৈঠক হতে পারে, সে বিষয়ে তিনি বিস্তারিত কিছু জানাননি। বিবিসির মধ্যপ্রাচ্য বিষয়ক সম্পাদক সেবাস্তিয়ান উশার বলছেন, চীনের মধ্যস্থতায় কয়েকদিন ধরে আলোচনার পর অনেকটা অপ্রত্যাশিত দুই দেশের সম্পর্কের সাম্প্রতিক উন্নয়ন বড় ধরনের একটি পালাবদল তৈরি করছে বলে মনে করা হচ্ছে। দুই দেশই ঘোষণা করেছে যে, তারা আগামী দুই মাসের মধ্যে দূতাবাস খুলবে এবং বাণিজ্য ও নিরাপত্তার সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠা করা হবে। ইরান ও সৌদি আরবের সম্পর্কের এই উন্নতিকে যুক্তরাষ্ট্র ও জাতিসংঘসহ অনেকেই সতর্কতার সঙ্গে স্বাগত জানিয়েছে। এর আগে তাদের মধ্যে সমঝোতার চেষ্টা করা হলেও তা ব্যর্থ হয়েছিল। সন্ত্রাসবাদের সঙ্গে জড়িত থাকার অভিযোগে সৌদি আরবে অভিযুক্ত প্রধান সারির শিয়া মুসলিম ইমাম শেইখ নিমর আল-নিমরের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছিল। এর প্রতিবাদে তেহরানে ২০১৬ সালে সৌদি দূতাবাসে বিক্ষোভকারীরা হামলা করে ঢুকে পড়েছিল। সেই ঘটনার পরে ইরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে দিয়েছিল সৌদি আরব।এরপর থেকেই সুন্নি ও শিয়া প্রধান দুই প্রতিবেশী দেশের মধ্যে প্রায়ই চরম উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়েছে।

আঞ্চলিক প্রভাব বিস্তারে দুই দেশে একে অপরকে হুমকি হিসাবে বিবেচনা করে আসছে।

সিরিয়া এবং ইয়েমেনসহ বেশ কয়েকটি আঞ্চলিক যুদ্ধে তারা পরস্পর বিরোধী পক্ষকে সমর্থন দিয়েছে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আবদুল্লাহিন আরও বলেছেন, ইরান আশা করছে যে, বাহরাইনের সঙ্গে ইরানের সম্পর্ক উন্নয়নেও পদক্ষেপ নেয়া হবে।

সৌদি আরবের ঘনিষ্ঠ মিত্র বাহরাইন ২০১৬ সালের ওই ঘটনার পর তেহরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছিল।

''আমরা আশা করছি, ইরান ও বাহরাইনের সম্পর্কের মধ্যে থাকা কিছু বাধা অপসারণ করা হবে এবং আমরা পুনরায় দূতাবাস চালু করার ব্যাপারে পদক্ষেপ নিতে পারবো,'' তিনি বলছেন। বাহরাইন এ ব্যাপারে কোন মন্তব্য করেনি।

তবে এর আগে সৌদি আরব ইরানের কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপনের পদক্ষেপকে স্বাগত জানিয়েছিল।

জর্ডান ও সংযুক্ত আরব আমিরাতসহ আরব অন্য দেশগুলোর সঙ্গেও তাদের সম্পর্কের উন্নতি হবে বলে ইরান আশা প্রকাশ করেছে।

